# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmrbbd@gmail.com

Magh 11, 1430 Bangla, January 25, 2024, Thursday, No. 25, 54th year

# H I G H L I G H T S

PM Sheikh Hasina has directed to complete the ongoing development projects as soon as possible and take new plans after due scrutiny specially to pay more attention to foreign funded projects.
(VOA: 7, Jago FM: 17)

EU President Charles Michel has congratulated PM Sheikh Hasina for being elected as head of government for consecutive fourth time. Adds, EU is a reliable and long-term partner of BD.
(VOA: 8, R. Today: 15)

Foreign Minister Dr. Hasan Mahmud says, regarding return of Tarek Rahman to country, government will do whatever it needs to carry out Tarek's punishment at appropriate time. (VOA: 10, R. Today: 16)

British High Commissioner Sarah Cook indicates, UK's position will not change regarding elections in BD- Despite, emphasizes to work together to develop BD-UK relationship (VOA: 9, R. Today: 16)

BNP Senior Leader Nazrul Islam Khan says, people are in a bad state because there is no democracy in country. There is no other way forward except to restore democracy. (R. Today: 16)

BNP claims, Since AL came to power in 2009, there have been about 150,000 cases against its leaders and workers across country- more than fifty lakh activists of BNP and its affiliated organizations have been accused in these cases. (BBC: 5)

AL has decided not to give party symbol in upcoming upazila elections to prevent conflict and division at grassroots of party during elections. (BBC: 3)

Lawyer of the Directorate of Factories and Institutions Khurshid Alam Khan has rejected the letter of 12 US senators sent to PM Sheikh Hasina regarding harassment of Nobel lauriate Muhammad Yunus.
(R. Today: 15)

BSF spokesperson claims, slain BGB jawan was not in uniform and had no identity card. A BSF jawan fired in self-defence against cow smugglers when he chased them. (R. Tehran:11, DW: 12)

Ministry of Education has formed a five-member high-level expert committee to review story of Sharif to Sharifa in history and social science books of seventh grade in the new curriculum.
(VOA: 10, Jago FM: 19)

Number of people affected by corona virus is gradually increasing in country. Virus has been detected in body of 38 people yesterday. (Jago FM: 21)


**Director: 44813046** **Deputy News Controller: 44813048, 44813179** **Assistant News Controller: 44813047, 44813178**

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**মাঘ ১০, ১৪৩০ বাংলা, জানুয়ারি ২৪, ২০২৪, বুধবার, নং- ২৪, ৫৪তম বছর**

# শিরোনাম

প্রধানমন্ত্রী শেখ হাসিনা সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে চলমান উন্নয়ন প্রকল্পগুলো যত দ্রুত সম্ভব শেষ করতে এবং যথাযথ যাচাই-বাছাই করে নতুন পরিকল্পনা গ্রহণের নির্দেশ দিয়েছেন- বৈদেশিক অর্থায়নভুক্ত প্রকল্পগুলোর দিকে বেশি নজর দেওয়ার নির্দেশ দিয়েছেন তিনি। (ভোয়া: ৭, জাগো এফএম: ১৭)

টানা চতুর্থবারের মতো সরকার প্রধানের পদে নির্বাচিত হওয়ায় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অভিনন্দন জানিয়েছেন ইউরোপীয় ইউনিয়নের প্রেসিডেন্ট চার্লস মিশেল। তিনি বলেন, ইউরোপীয় ইউনিয়ন আপনার দেশের একটি নির্ভরযোগ্য এবং দীর্ঘমেয়াদী অংশীদার। (ভোয়া: ৮, রে. টুডে: ১৫)

সাজাপ্রাপ্ত বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানকে দেশে ফেরানো প্রসঙ্গে পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ বলেছেন, তারেক রহমানের শাস্তি কার্যকরে উপযুক্ত সময়ে যা যা করার সরকার সেটা করবে।(ভোয়া: ১০,রে. টুডে: ১৬)

বাংলাদেশের দ্বাদশ সংসদ নির্বাচন নিয়ে যুক্তরাজ্যের অবস্থানের পরিবর্তন না হওয়ার ইঙ্গিত দিয়েছেন ব্রিটিশ হাইকমিশনার সারাহ কুক। সেই সাথে বাংলাদেশ ও যুক্তরাজ্যের মধ্যে সম্পর্ক জোরদারে একসঙ্গে কাজ করার ওপর গুরুত্বারোপ করেছেন। (ভোয়া: ৯, রে. টুডে: ১৬)

বিএনপির স্থায়ী কমিটির সদস্য নজরুল ইসলাম খান বলেছেন দেশে গণতন্ত্র নেই বলে জনগণের আজ বেহাল দশা। গণতন্ত্র পুনরুদ্ধার ছাড়া সামনে আর কোন পথ নেই। (রে. টুডে: ১৬)

২০০৯ সালে আওয়ামী লীগ ক্ষমতায় আসার পর থেকে এ পর্যন্ত সারাদেশে নেতা-কর্মীদের নামে প্রায় দেড় লাখ মামলা হয়েছে বলে দাবি করে আসছে বিএনপি। বলা হচ্ছে, এসব মামলায় বিএনপি ও এর সহযোগী সংগঠনগুলোর পঞ্চাশ লাখেরও বেশি নেতা-কর্মীকে আসামি করা হয়েছে। (বিবিসি: ৫)

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের সময় দলের তৃণমূলে তৈরি হওয়া কোন্দল ও বিভক্তি বিভক্তি ঠেকাতে সামনের উপজেলা নির্বাচনে দলীয় প্রতীক না দেওয়ার সিদ্ধান্তও নিয়েছে আওয়ামী লীগ। (বিবিসি: ৩)

শান্তিতে নোবেল জয়ী অর্থনীতির ও গ্রামীণ ব্যাংকের প্রতিষ্ঠাতা ড. মুহাম্মদ ইউনুসকে হেনস্তা করা নিয়ে প্রধানমন্ত্রীকে শেখ হাসিনাকে পাঠানো ১২ জন মার্কিন সিনেটরের চিঠি ঘৃণা করে প্রত্যাখ্যান করেছেন কলকারখানা ও প্রতিষ্ঠান অধিদপ্তরের আইনজীবী খুরশিদ আলম খান। (রে. টুডে: ১৫)

বিএসএফ মুখপাত্রের দাবি, নিহত বিজিবি জাওয়ানের গায়ে ইউনিফরম ছিল না এবং কাছে কোনো পরিচয়পত্র ছিল না। গরু পাচারকারীদের ধাওয়া দিলে তাদের পালটা আক্রমণের আত্মরক্ষার্থে গুলি চালায় বিএসএফ জাওয়ান। (রে. তেহরান :১১, ডয়েচে ভেলে: ১২)

নতুন শিক্ষাক্রমে সপ্তম শ্রেণির ইতিহাস ও সামাজিক বিজ্ঞান বইয়ে মানুষে মানুষে সাদৃশ্য ও ভিন্নতা অধ্যায়ে শরীফ থেকে শরীফা হওয়ার গল্প পর্যালোচনায় পাঁচ সদস্যের উচ্চপর্যায়ের বিশেষজ্ঞ কমিটি গঠন করেছে শিক্ষা মন্ত্রণালয়। (ভোয়া: ১০, জাগো এফএম: ১৯)

দেশে নতুন করে ক্রমেই বাড়ছে করোনা ভাইরাসে আক্রান্তের সংখ্যা। গত ২৪ ঘণ্টায় ৩৮ জনের শরীরে ভাইরাসটি শনাক্ত হয়েছে। তবে এসময়ে দেশে করোনায় কারো মৃত্যুর তথ্য পাওয়া যায়নি। (জাগো এফএম: ২১)

# বিবিসি

## দলীয় কোন্দল মেটাতে আওয়ামী লীগের উদ্যোগ কতটা সফল হবে ?

বাংলাদেশে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের সময় দলের তৃণমূলে যে কোন্দল ও বিভক্তি তৈরি হয়েছে, সেটি মেটাতে বিভাগীয় নেতাদেরকে দায়িত্ব দিয়েছে ক্ষমতাসীন আওয়ামী লীগ। বিভক্তি ঠেকাতে সামনের উপজেলা নির্বাচনে দলীয় প্রতীক না দেওয়ার সিদ্ধান্তও নিয়েছে ক্ষমতাসীন দলটি। কিন্তু এসব উদ্যোগের মাধ্যমে দলটি কি তার অভ্যন্তরীণ কোন্দল মেটাতে সক্ষম হবে ? হলেও সেটি কতটা ? এমন সব প্রশ্নই এখন ঘুরপাক খাচ্ছে রাজনৈতিক অঙ্গনে। বিএনপি অংশ না নেওয়ায় সাতই জানুয়ারির নির্বাচনকে প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ করে তোলাই ছিল ক্ষমতাসীনদের জন্য অন্যতম বড় চ্যালেঞ্জ। এমন প্রেক্ষাপটে দলটির মধ্যে যারা ভোটে দাঁড়াতে আগ্রহী, তাদের সবাইকে নির্বাচন করার সুযোগ দেয় আওয়ামী লীগ। একই সাথে দল থেকেও প্রতি আসনে একজনকে মনোনয়ন দেওয়া হয়। এর ফলে তৃণমূলে কোন্দল বাড়তে থাকে, যা অনেক জায়গাতেই সহিংসতায় রূপ নেয়। এমনকি নির্বাচনের দুই সপ্তাহ পরে এসে এখনও বিভিন্ন জেলায় বিভেদ দৃশ্যমান হচ্ছে, বিশেষ করে যেসব আসনে নৌকার প্রার্থীরা একই দলের স্বতন্ত্র প্রার্থীর কাছে হেরে গেছেন। এমন পরিস্থিতিতেই তৃণমূলের কোন্দল ও বিভক্তি নিরসনের উদ্যোগ নিয়েছে ক্ষমতাসীন দলটি।

"দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে আমাদের স্বতন্ত্র প্রার্থী, দলীয় প্রার্থী সব মিলিয়ে সেখানে কিছু কিছু মান-অভিমান, অন্তর্কলহ ছিল, যার রেশ এখনো শেষ হয়নি কিছু কিছু জায়গায়", নির্বাচনের পর দলের কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটির প্রথম সভা শেষে সোমবার সাংবাদিকদের বলেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের। "তো সে অবস্থায় সব বিভাগীয় কমিটিকে আমাদের নেত্রী নির্দেশনা দিয়েছেন যে, বিভিন্ন জেলার যে যে অভ্যন্তরীণ সমস্যাগুলো, এগুলো সংশিষ্ট সকলকে ঢাকায় ডেকে এনে এর সমাধান খুঁজে বের করা হবে এবং সিদ্ধান্ত দেওয়া হবে", বলেন মি. কাদের।

সারা দেশে আওয়ামী লীগের আটটি বিভাগীয় কমিটি রয়েছে। মূলত এসব কমিটির মাধ্যমেই তৃণমূলের বিরোধ মেটানোর পরিকল্পনা করেছে দলটি। কিন্তু তৃণমূলের নেতারা বলছেন, নির্বাচনকে কেন্দ্র করে মাঠ পর্যায়ে নেতাকর্মীদের মধ্যে যে মানসিক দূরত্ব তৈরি হয়েছে, দায়িত্বপ্রাপ্ত কমিটির পক্ষে সেটি পুরোপুরি দূর করা কঠিন হবে। ফলে দীর্ঘমেয়াদে দলটির ভেতরে বিভেদ আরও বাড়তে পারে বলে মনে করছেন রাজনৈতিক বিশ্লেষকরা। সাতই জানুয়ারির নির্বাচনকে প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ করার জন্য আওয়ামী লীগের কৌশল ছিল, ভোটের মাঠ উন্মুক্ত করে দেওয়া। দলের এই সিদ্ধান্তের কারণে কেন্দ্র থেকে তৃণমূল সর্বস্তরের নেতারা এবার প্রার্থী হওয়ার সুযোগ পান। এবারের নির্বাচনে অন্তত ২২০টি আসনে সাড়ে তিনশোর বেশি স্বতন্ত্র প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করেছেন, যার মধ্যে ২৬৯ জনই ক্ষমতাসীন দলের। প্রার্থিতা ঘোষণার পর থেকেই নৌকার প্রার্থীদের সাথে তাদের বিরোধ প্রকাশ্যে আসতে থাকে। কিন্তু পরিস্থিতি আরও নাজুক হয় নির্বাচনের পর।

নির্বাচনের ফলাফলে দেখা যায়, ৬২টি আসনে স্বতন্ত্র প্রার্থীরা বিজয়ী হয়েছেন, যেটি বাংলাদেশের ইতিহাসে একটি রেকর্ড। আওয়ামী লীগের কেন্দ্রীয় কমিটির অনেক শীর্ষ নেতা ও হেভিওয়েট নৌকার প্রার্থীও এবার হেরেছেন দলের স্বতন্ত্র প্রার্থীদের কাছে। নৌকা প্রতীকে নির্বাচন করেছেন কিন্তু জিততে পারেনি এমন পরিচিত নেতাদের মধ্যে আছেন বিগত সরকারের ত্রাণ ও দুর্যোগ প্রতিমন্ত্রী এনামুর রহমান, বিমান ও পর্যটন প্রতিমন্ত্রী অ্যাডভোকেট মাহবুব আলী, পল্লী উন্নয়ন ও সমবায় প্রতিমন্ত্রী স্বপন ভট্টাচার্য। এছাড়াও হেরেছেন আওয়ামী লীগের কেন্দ্রীয় প্রচার সম্পাদক আবদুস সোবহান মিয়া, টানা তিনবারের সংসদ সদস্য ধীরেন্দ্র দেবনাথ শম্ভু, সভাপতিমণ্ডলীর সদস্য কাজী জাফর উল্যাহ, কেন্দ্রীয় সাংস্কৃতিক সম্পাদক অসীম কুমার উকিল প্রমুখ। পরাজয়ের পর তাদের কেউ কেউ অভিযোগ তোলেন ভোটের ফলাফলে কারসাজির। নির্বাচনে অনিয়ম, কালো টাকা ও পেশিশক্তির কাছে হেরেছেন বলেও তাদের কেউ কেউ দাবি করেন। এরপর বাড়তে থাকে সহিংসতা। নির্বাচনের পর গত এক সপ্তাহে সারা দেশের বিভিন্ন জেলায় শতাধিক সহিংসতার ঘটনা ঘটে। কোথাও কোথাও দোকান, বসতবাড়ি ও ব্যবসা প্রতিষ্ঠানে হামলা, লুটপাট ও অগ্নিসংযোগের ঘটনাও ঘটে।

মানবাধিকার সংগঠন 'হিউম্যান রাইটস সাপোর্ট সোসাইটি'র (এইচআরএসএস) হিসাবে দেখা যাচ্ছে, তফসিল ঘোষণার পর থেকে নির্বাচন পরবর্তী এক সপ্তাহে সারা দেশে শতাধিক সহিংসতার ঘটনা ঘটেছে। এতে অন্তত ১৫ জন নিহত এবং দুই হাজারেরও বেশি মানুষ আহত হয়েছেন। এর মধ্যে নির্বাচন পরবর্তী সহিংসতায় অন্তত পাঁচজন নিহত হয়েছেন বলে জানিয়েছে সংগঠনটি। নির্বাচনের পর সহিংসতার খবর বেশি পাওয়া গেছে মুন্সিগঞ্জ, ঝিনাইদহ, মানিকগঞ্জ, কুষ্টিয়া, নোয়াখালী, রাজশাহী, পিরোজপুর, ফরিদপুর, মাদারীপুর, খুলনা, পটুয়াখালীসহ আরও বেশ কয়েকটি জেলায়। এসব সংঘাত-সহিংসতার বেশিরভাগই ঘটেছে নৌকা প্রতীক এবং স্বতন্ত্র প্রার্থীর কর্মী-সমর্থকদের মধ্যে, যারা প্রায় সকলেই ক্ষমতাসীন আওয়ামী লীগেরই বিভিন্ন পর্যায়ের নেতৃস্থানীয় সদস্য। মুন্সীগঞ্জে স্বতন্ত্র প্রার্থী মোহাম্মদ ফয়সালের কাছে হেরেছেন আওয়ামী লীগের কেন্দ্রীয় কমিটির মুক্তিযুদ্ধবিষয়ক সম্পাদক ও প্রভাবশালী নেতা মৃণাল কান্তি দাস। নির্বাচনে ভোট কারচুপির অভিযোগ তুলেছেন মি. দাস। নির্বাচনের দিন সহিংসতায় এই জেলায় একজন মারাও গেছেন। সেখানে এখন আওয়ামী লীগের বিভিন্নপক্ষের বিরোধ স্পষ্ট। একইভাবে বিরোধ প্রকাশ্যে এসেছে

ফরিদপুরে। ফরিদপুর-৩ আসনের নৌকার প্রার্থীকে হারিয়ে সংসদ সদস্য নির্বাচিত হয়ছেন আওয়ামীপন্থী ব্যবসায়ী নেতা এ. কে. আজাদ। নির্বাচনে তার প্রতিদ্বন্দ্বী ছিলেন জেলা আওয়ামী লীগের সভাপতি শামীম হক। নির্বাচনের পর দেখা যাচ্ছে, আওয়ামী লীগের বিভিন্ন অনুষ্ঠানে মি. আজাদের সমর্থকরা আমন্ত্রণ পাচ্ছেন না।

ফরিদপুরের নবনির্বাচিত সংসদ সদস্য আবদুর রহমান মৎস্য ও প্রাণিসম্পদমন্ত্রীর দায়িত্ব পাওয়ায় সম্প্রতি তাকে জেলা আওয়ামী লীগের পক্ষ থেকে সংবর্ধনা দেয়া হয়। সেই অনুষ্ঠানে মি. আজাদের সমর্থকদের ডাকা হয়নি। একই জেলার আরেক আসনে হেরেছেন আওয়ামী লীগের সভাপতিমণ্ডলীর সদস্য কাজী জাফর উল্যাহ। তিনি এবার আওয়ামী লীগের নির্বাচন পরিচালনা কমিটির কো-চেয়ারম্যান ছিলেন। তিনি হেরেছেন স্বতন্ত্র প্রার্থী মজিবুর রহমানের কাছে, যিনি নিক্সন চৌধুরী নামে ব্যাপকভাবে পরিচিত। কাজী জাফর উল্যাহর সাথে মি. চৌধুরীর দ্বন্দ্বের কথা অজানা নয়। আওয়ামী লীগের মনোনয়ন না পেয়ে নিক্সন চৌধুরী এর আগে দুইবার বিদ্রোহী হয়ে নির্বাচন করেছেন এবং জিতেছেন।

একইভাবে, মানিকগঞ্জ-২ আসনে নিজ দলের স্বতন্ত্র প্রার্থীর কাছে হেরে গেছেন তিনবারের সংসদ সদস্য কণ্ঠশিল্পী মমতাজ বেগম। এই আসনে স্বতন্ত্র প্রার্থী হয়ে জিতেছেন জেলা আওয়ামী লীগের কোষাধ্যক্ষ দেওয়ান জাহিদ আহমেদ টুলু। নির্বাচনে হারার পর মিজ মমতাজও ভোট কারচুপির অভিযোগ তুলেছেন। ফলে বিজয়ী প্রার্থীর সাথে তার দ্বন্দ্বও এখন চরমে পৌঁছেছে। প্রাথমিকভাবে আটটি বিভাগীয় কমিটি দিয়েই তৃণমূলে বিরোধ মেটানোর পরিকল্পনা করেছে ক্ষমতাসীন আওয়ামী লীগ। নিজ নিজ এলাকার কেন্দ্রীয় নেতারাই এসব কমিটির নেতৃত্বে রয়েছেন। কোন এলাকায় কার সাথে কার বিরোধ, সেটি চিহ্নিত করাই হচ্ছে কমিটির প্রথম কাজ। এরপর প্রতিটি জেলায় গিয়ে চিহ্নিত পক্ষগুলোর সাথে আলোচনা করে বিরোধ মেটাতে কাজ করবে কমিটি।

"ইতোমধ্যেই সবগুলো কমিটির কাছে নির্দেশনা পৌঁছে গেছে এবং তারা কাজও শুরু করে দিয়েছে", বিবিসি বাংলাকে বলেন আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক আ. ফ. ম. বাহাউদ্দিন নাছিম। মি. নাছিম নিজেও খুলনা ও বরিশাল বিভাগের কমিটিতে রয়েছেন। তিনি জানিয়েছেন, কোন্দলে লিপ্ত পক্ষগুলোর সাথে বসার পরও যদি বিরোধ না মেটে, তাহলে তাদেরকে ঢাকায় কেন্দ্রীয় কমিটির সামনে বসানো হবে। এরপরও যদি তারা দলের সিদ্ধান্ত ও নির্দেশনা অমান্য করেন, সেক্ষেত্রে 'প্রয়োজনে বহিষ্কার' করা হবে। "আমরা আশা করছি সবাই দলের সিদ্ধান্ত মেনে নিবে। তারপরও যদি কেউ অমান্য করতে চায়, সেক্ষেত্রে আমরা কঠোর থেকে কঠোরতর হবো। প্রয়োজনে বহিষ্কার করার মতো সিদ্ধান্তও নেয়া হতে পারে," বিবিসি বাংলাকে বলেন মি. নাছিম।

নির্বাচনকে কেন্দ্র করে মাঠ পর্যায়ে নেতাকর্মীদের মধ্যে 'মানসিক দূরত্ব' তৈরি হয়েছে বলে বিবিসি বাংলাকে জানিয়েছেন আওয়ামী লীগের তৃণমূলের নেতারা। এ অবস্থায় বিভাগীয় কমিটির পক্ষে বিরোধ মেটানো কঠিন হবে বলেই মনে করছেন তারা। "এটা একটা মানসিক ব্যাপার। ইচ্ছা করলে এটি মেটানো যাবে না", বিবিসি বাংলাকে বলেন খুলনা মহানগর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম ডি এ বাবুল রানা। তবে দল থেকে কঠোরভাবে নির্দেশ দেওয়া হলে মাঠ পর্যায়ের নেতারা বেশি দিন বিরোধ পুষে রাখবেন না বলে মনে করছেন তিনি। এক্ষেত্রে দলের শীর্ষ পর্যায় থেকে সরাসরি বার্তা দেওয়া হলে দ্রুতই কোন্দল মিটে যাবে বলে মনে করছেন মুন্সিগঞ্জ জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শেখ মো. লুৎফর রহমান। "কমিটি সবখানে বিরোধ মেটাতে পারবে না। দ্রুত সমাধান করতে হলে নেত্রী কিংবা অন্ততপক্ষে দলের সাধারণ সম্পাদককে সবার সাথে বসতে হবে," বিবিসি বাংলাকে বলেন মি. রহমান।

তবে তারা দু'জনই আসন্ন উপজেলা নির্বাচনে দলীয় প্রতীক না দেওয়ার সিদ্ধান্তকে সাধুবাদ জানিয়েছেন।"এটা ভালো সিদ্ধান্ত হয়েছে। নাহলে বিরোধ আরও বেড়ে যেত", বিবিসি বাংলাকে বলেন খুলনা মহানগর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম ডি এ বাবুল রানা। ফরিদপুর-৩ আসনে হারার পর বিজয়ী প্রার্থী এ কে আজাদের সাথে দূরত্ব তৈরি হয়েছে জেলা আওয়ামী লীগের সভাপতি শামীম হকের। বিবিসির পক্ষ থেকে এ বিষয়ে জানতে চাইলে তিনি সরাসরি বিষয়টি নিয়ে কথা বলতে রাজি হননি। তবে কেন্দ্র থেকে যে কোনও নির্দেশনা দেওয়া হলে সেটি মেনে নিবেন বলে জানিয়েছেন মি. হক। "এটা কঠিন, কিন্তু অসম্ভব না। নেত্রী বললে অবশ্যই মেনে নিব", বিবিসি বাংলাকে বলেন তিনি।

বিশ্লেষকরা বলছেন, নির্বাচনকে ঘিরে এবার তৃণমূলে আওয়ামী লীগের যে রেষারেষি ও কোন্দল দেখা যাচ্ছে, সেটি আগে থেকেই ছিলো। দল সবাইকে ভোটে লড়ার সুযোগ করে দেওয়ায় বিষয়টি এতটা প্রকাশ্যে এসেছে। "তাদের এই কোন্দলের ঐতিহাসিকতা আছে। কাজেই এটি সহসাই মিটবে না", বিবিসি বাংলাকে বলেন রাজনৈতিক বিশ্লেষক ড. জোবাইদা নাসরিন।

আওয়ামী লীগ টানা গত ১৫ বছর ধরে রাষ্ট্র ক্ষমতায় রয়েছে। এবার নির্বাচনে জিতে আবারও পাঁচ বছরের জন্য সরকার গঠন করেছে। বাংলাদেশের ইতিহাসে কোনও সরকার একটানা এত লম্বা সময় ক্ষমতায় ছিল না। "একটি দল দীর্ঘদিন ক্ষমতায় থাকলে তাদের কেউই আর কর্মী থাকতে চান না, সবাই নেতা হতে চান।" বলেন মিজ নাসরিন। গত দেড় দশকে আওয়ামী লীগের তৃণমূলের অনেক নেতা যেমন ক্ষমতাবান হয়েছেন, তেমনি তাদের সম্পদের পরিমাণও লাফিয়ে লাফিয়ে বাড়তে দেখা গেছে। "রাজনীতি করলে এখন ক্ষমতা ও অর্থ দু'টোই অর্জন করা যায়। সে কারণে আওয়ামী লীগের কর্মী-সমর্থকরা ক্ষমতার কেন্দ্রে আসতে চান", বিবিসি বাংলাকে বলেন আরেক রাজনৈতিক বিশ্লেষক মহিউদ্দিন আহমেদ। এ পরিস্থিতিতে দলের মধ্যকার বিরোধ পুরোপুরি মেটানো প্রায় অসম্ভব বলেই মনে করছেন তিনি। "দল চাপ দিলে দেখা যাবে সবাই মেনে নিয়েছে। কিন্তু ভেতরে ভেতরে বিরোধ থেকেই যাবে", বিবিসি বাংলাকে বলেন মি.

আহমেদ। এছাড়া দলের নির্দেশ অমান্য করলে বহিষ্কার করার যে হুঁশিয়ারি উচ্চারণ করা হচ্ছে, সেটিকে রাজনৈতিক কৌশল হিসেবেই দেখছেন এই রাজনৈতিক বিশ্লেষক। "এই কৌশল তারা আগেও প্রয়োগ করেছে। এরপর বহিষ্কৃত নেতাদের আবার দলে ফিরিয়ে আনার নজিরও তাদের রয়েছে", বিবিসি বাংলাকে বলেন মহিউদ্দিন আহমেদ। সব মিলিয়ে যে অবস্থা তৈরি হয়েছে, দীর্ঘমেয়াদে সেটি আওয়ামী লীগের ভেতরে বিরোধ আরও বাড়িয়ে দিতে পারে বলে মনে করছেন ড. জোবাইদা নাসরিন। "আমার তো মনে হয় না তারা সত্যিকার অর্থে কোন্দল নিরসন করতে সক্ষম হবে, বরং দিন দিন এটি আরও বেড়ে যেতে পারে", বিবিসি বাংলাকে বলেন মিজ নাসরিন। বিশ্লেষকরা বলছেন, দলের ভেতরকার যে সংকট নিরসনে আওয়ামী লীগ এখন দৌড়ঝাপ শুরু করেছে, ক্ষমতায় আসতে তারা নিজেই সেটি তৈরি করেছে। শেষ পর্যন্ত কীভাবে দলটি এই সংকট মোকাবেলা করে, সেটিই এখন দেখার বিষয়।
(বিবিসি ওয়েব পেজ : ২৪.১.২৪ রিহাব)

## বিএনপি'র তৃণমূল নেতা-কর্মীরা মামলা লড়ছেন যেভাবে

গত বছরের ২৮শে অক্টোবরের পর থেকে আগের মামলার সঙ্গে তাদের নামের পাশে নতুন নতুন মামলা যুক্ত হয়েছে বলে জানাচ্ছেন বিএনপি''র তৃণমূল কর্মীদের অনেকে। তাদের দাবি, এসব মামলায় জামিন পেতে নিম্ন আদালত থেকে উচ্চ আদালত অব্দি ছুটতে হচ্ছে তাদের। কেন্দ্রীয় নেতা বা দলীয় আইনজীবীরা কতটা খোঁজ রাখেন তাদের ? বিএনপি'র আইন বিষয়ক সম্পাদক কায়সার কামাল বিবিসি বাংলাকে বলেন, "২৮শে অক্টোবরের পর থেকে সাতই জানুয়ারি পর্যন্ত সারাদেশে অন্তত ৭৩৮টি মামলা দায়ের করা হয়েছে"। একই সময়ে, ২৬ হাজারের বেশি নেতা-কর্মীকে গ্রেফতার করা হয়েছে বলেও দাবি করেন মি. কায়সার কামাল। যদিও আওয়ামী লীগ নেতারা বিএনপি'র দাবি করা আটকের সংখ্যা সঠিক নয় বলে, আগেই মন্তব্য করেছেন। সরকারের পদত্যাগ ও নির্দলীয় সরকারের অধীনে নির্বাচন করার দাবিতে ২৮শে অক্টোবর মহাসমাবেশ করেছিল বিএনপি। ঐ সমাবেশের পর সংঘর্ষের বিভিন্ন ঘটনায় পরদিনই ২৮টি মামলা হয়। গ্রেফতার হন বিএনপির মহাসচিবসহ শীর্ষস্থানীয় নেতারা। এর আগে-পরে গ্রেফতার হওয়া তৃণমূল পর্যায়ের নেতাকর্মীদের অনেককেই কারাগারে যেতে হয়। উল্লেখিত সময়ে ভোলা জেলার সদর উপজেলায় বিএনপি'র নেতা-কর্মীদের বিরুদ্ধে চারটি মামলা হয়। চার মামলার এজাহারে ১০৪ জনের নাম উল্লেখ করা হয়েছিলো। তবে, স্থানীয় বিএনপি নেতাদের দাবি, এর বাইরেও নিরীহ সমর্থক বা সাধারণ মানুষকে মামলায় হয়রানি করা হচ্ছে। জেলা বিএনপি'র সদস্য সচিব মোহাম্মদ রাইসুল আলম বিবিসি বাংলাকে বলেন, "১০৪ জনের নাম উল্লেখ থাকলেও পরবর্তীতে যাদেরই আটক করা হয়েছে তাদেরকে ঐ মামলায় গ্রেফতার দেখিয়েছে পুলিশ"। "শ' খানেক নেতাকর্মী কারাগারে ছিলেন, যারা ইতোমধ্যে জামিনে বেরিয়েছেন", উল্লেখ করেন মি. রাইসুল। এখনো আটজন কারাবন্দী আছেন বলে দাবি তার। তিনি নিজে দু'টি মামলার এক নম্বর আসামি। রাইসুল আলম এজাহারে নাম থাকা প্রায় সবাইকে নিয়ে মঙ্গলবার ঢাকায় এসেছেন উচ্চ আদালত থেকে মামলাগুলোতে আগাম জামিন নিতে। বিবিসি বাংলাকে তিনি বলেন, নিজেরাই নিজেদের খরচ সম্মিলিতভাবে মেটাচ্ছেন। যাদের সামর্থ্য আছে তারা দিচ্ছেন, যাদের সামর্থ্য নেই তাদের কাছ থেকে নেয়া হচ্ছে না। "জাতীয়তাবাদী আইনজীবী ফোরামের আইনজীবীরাই তাদের মামলাগুলো পরিচালনা করে থাকেন," বলছিলেন ভোলা কলেজ ছাত্রদলের সাবেক সদস্য সচিব নুর মোহাম্মদ রুবেল। আগাম জামিন নিতে আসা নেতা-কর্মীদের তালিকায় আছেন তিনিও। মামলার খরচ হিসেবে যতটুকু না নিলেই নয়, ততটুকুই শুধু তারা নিচ্ছেন বলে জানান মি. নুর মোহাম্মদ।

গত বছরের ২৫শে অক্টোবর আটক হয়েছিলেন পাবনার ঈশ্বরদী উপজেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক মো. শরিফুল ইসলাম শরীফ। উচ্চ আদালত থেকে জামিন পাওয়ার পর সোমবার মুক্ত হয়ে বাড়ি ফেরেন তিনি। মি. শরীফ বিবিসি বাংলাকে বলেন, "৯০ দিন জেলে থাকতে হয়েছে। একাধিকবার নিম্ন আদালতে চেষ্টা করেছি জামিন নেয়ার জন্য। পরে উচ্চ আদালতে জামিন পেয়েছি।" তিনি বলেন, নিজের মামলার খরচ নিজেই বহন করেছেন। দলের তরফে খোঁজ খবর নেয়া হয়েছে কি না এমন প্রশ্নে স্বেচ্ছাসেবক দলের এই স্থানীয় পর্যায়ের নেতা জানান, তিনি নিজে না পেলেও অন্য অনেকে শীর্ষ নেতৃত্বের কাছ থেকে ফোন পেয়েছেন। দলের আইন বিষয়ক সম্পাদক কায়সার কামাল বলেন,"আইনগত সহায়তা নতুন নয়। ২০১৩ সাল থেকেই দেশব্যাপী জাতীয়তাবাদী আইনজীবী ফোরাম নেতা-কর্মীদের সহায়তা দিয়ে আসছে"। "সেই পঞ্চগড়ের তেতুলিয়ায়ও ওয়ার্ড পর্যায়ে কমিটি আছে। অতএব, ওয়ার্ডের নেতা যখন অ্যারেস্ট হয়, স্বাভাবিকভাবেই তার উপজেলা জানে। উপজেলা জেলাকে বা কেন্দ্রে জানায়। দ্যাট মিনস্ উই হ্যাভ আ ডেটা।" স্থানীয় পর্যায়ে গ্রেফতার হলে স্থানীয় আইনজীবী ফোরাম তার দায়িত্ব নেন বলে মন্তব্য করেন মি. কামাল।

বিএনপি করতে গিয়ে আইনি জটিলতায় পড়লে আইনগত সহায়তা না পাওয়ার অভিযোগ প্রসঙ্গে তিনি বলেন, "কিছুটা ধোঁয়াশা তৈরি হয় যখন দায়িত্বশীল নেতাকর্মীদের বাইরে কোন বিএনপি সমর্থক আমজনতাও গ্রেফতার হয়ে যায়।" পরিচয় নিশ্চিত হলে তাদেরও আইনি সহায়তা দেয়া হয়, যোগ করেন কায়সার কামাল। বিবিসি বাংলাকে কায়সার কামাল বলেন, আইনজীবী ফোরামের নেতারা ছাত্রদলের দায়িত্বশীল বিভিন্ন পদে ছিলেন। 'ফলে তাদের একটা বাধ্যবাধকতা আছে। এক্ষেত্রে খরচের বিষয় আসে না।' তাছাড়া, মামলার ক্ষেত্রে প্রাথমিক খরচটা তেমন বেশি নয় বলেও দাবি তার। মি. কামাল আরও বলেন, দলের সর্বোচ্চ ফোরাম থেকে আইনজীবীদের সাথে কথা বলা হয়েছে।

তারা যে সহায়তাটা দিয়ে থাকেন সেটা ওয়ান স্টপ সার্ভিস। থানা থেকে শুরু করে জামিন না পাওয়া পর্যন্ত আইনজীবীরা কাজ করে যাচ্ছেন।

এসবের পাশাপাশি ডান্ডাবেড়ি পরিয়ে জানাজা পড়তে বাধ্য করা বা চিকিৎসা দেয়ার মতো ইস্যুগুলোকেও আদালতের নজরে আনা হয়, পরে একটি রুল জারি করেন আদালত, জানান এই বিএনপি নেতা। ২০০৯ সালে আওয়ামী লীগ ক্ষমতায় আসার পর থেকে এ পর্যন্ত সারাদেশে নেতা-কর্মীদের নামে প্রায় দেড় লাখ মামলা হয়েছে বলে দাবি করে আসছে বিএনপি। বলা হচ্ছে, এসব মামলায় বিএনপি ও এর সহযোগী সংগঠনগুলোর পঞ্চাশ লাখেরও বেশি নেতা-কর্মীকে আসামি করা হয়েছে। যদিও মামলার এই সংখ্যা বিবিসি'র পক্ষে আলাদা করে যাচাই করা সম্ভব হয়নি। বিভিন্ন সময়ে মামলার সংখ্যা নিয়ে প্রশ্ন তুলেছেন আওয়ামী লীগ নেতাকর্মীরাও। গেল বছরের ১৯ ডিসেম্বরে আওয়ামী লীগ সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের বিএনপি'র ২১ হাজার নেতাকর্মী কারাগারে থাকার দাবি 'ভুয়া' বলে উড়িয়ে দেন। তিনি বলেন, ১১ হাজার নেতাকর্মী তখন পর্যন্ত কারাগারে ছিলেন, যাদের মধ্যে দুই হাজার সেদিনই জামিন পেয়ে বেরিয়ে যাওয়ার কথা। (বিবিসি ওয়েব পেজ : ২৪.১.২৪ রিহাব)

## বাংলাদেশে সব চেয়ে বেশি শীত পড়ার যত রেকর্ড

গত কয়েকদিন ধরেই বাংলাদেশের বেশ কয়েকটি জেলায় তীব্র শৈত্যপ্রবাহ চলছে। ঘন কুয়াশার কারণের অনেক এলাকায় সূর্যের মুখ পর্যন্ত দেখা যাচ্ছে না। এর মধ্যেই বইছে হিমশীতল বাতাস। এতে সারা দেশেই জনজীবন বেশ বিপর্যস্ত হয়ে পড়েছে। কিন্তু এই পরিস্থিতি আর কতদিন চলবে? এবছর শীতই-বা থাকবে কতদিন? এমন সব প্রশ্নই এখন ঘুরছে শীতে কাবু সাধারণ মানুষের মুখে মুখে। আবহাওয়া অধিদফতর বলছে, এ দফায় সারা দেশে যে শৈত্যপ্রবাহ শুরু হয়েছে, সেটি আরও অন্ততঃ দু'দিন স্থায়ী হতে পারে। এই সময়ের মধ্যে ঢাকা, খুলনা, বরিশাল ও চট্টগ্রাম বিভাগের কোথাও কোথাও হালকা বা গুঁড়ি গুঁড়ি বৃষ্টিও হতে পারে। জানুয়ারির শেষ থেকে ফেব্রুয়ারির প্রথম সপ্তাহের মধ্যে সারা দেশে আরও একটি শৈত্যপ্রবাহ বয়ে যেতে পারে বলেও পূর্বাভাস দিয়েছেন আবহাওয়াবিদরা। এছাড়া গত কয়েক বছরের তুলনায় এবার শীত একটু বেশি সময় স্থায়ী হতে পারে বলেও জানিয়েছেন তারা। এবছর জানুয়ারির শুরু থেকেই সারা দেশে শীতের তীব্রতা বেশ বেড়েছে। বেশ কিছু জেলায় শৈত্যপ্রবাহও বয়ে যেতে দেখা যাচ্ছে।এর মধ্যে বছরের প্রথম শৈত্যপ্রবাহ শুরু হয় জানুয়ারির দ্বিতীয় সপ্তাহে, যা শুরুতে রাজশাহী ও রংপুর বিভাগের কয়েকটি জেলার মধ্যেই সীমাবদ্ধ ছিল। কিন্তু তৃতীয় সপ্তাহ থেকে শৈত্যপ্রবাহ অন্যান্য জেলাতেও ছড়িয়ে পড়ে।

বুধবার পর্যন্ত সারা দেশের ২১টি জেলার উপর দিয়ে শৈত্যপ্রবাহ বয়ে গেছে বলে জানিয়েছে আবহাওয়া অধিদফতর। তবে শীতের প্রকোপ সারা দেশেই টের পাওয়া যাচ্ছে। মঙ্গলবার চলতি মৌসুমের সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে। তাপমাত্রা দশ ডিগ্রি সেলসিয়াসের নিচে নেমে যাওয়ায় খুলনা, ঠাকুরগাঁও, রংপুর-সহ বেশ কয়েকটি জেলায় প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয় বন্ধ ঘোষণা করা হয়েছে। এছাড়া হাসপাতালগুলোতেও ঠাণ্ডাজনিত রোগে আক্রান্তদের ভিড় বাড়তে দেখা যাচ্ছে। বুধবার থেকে সারা দেশেই তাপমাত্রা আগের কয়েকদিনের তুলনায় কিছুটা বেড়েছে বলে জানিয়েছে বাংলাদেশ আবহাওয়া অধিদফতর। এর ফলে শীতের প্রকোপ কিছুটা কমে আসতে পারে বলে আভাস পাওয়া যাচ্ছে। তবে আগামী তিন দিন দেশের বেশিরভাগ অঞ্চলে আগের মতোই ঘন কুয়াশা দেখা যাবে। এক্ষেত্রে মধ্যরাত থেকে সকাল পর্যন্ত মাঝারি থেকে ঘন কুয়াশা থাকতে পারে। কোথাও কোথাও দুপুর পর্যন্তও কুয়াশার দাপট দেখা যেতে পারে। এ কারণে সারা দেশেই বিমান চলাচল, অভ্যন্তরীণ নৌ-পরিবহন এবং সড়ক যোগাযোগে বেশ বিঘ্ন ঘটতে পারে বলে জানিয়েছে আবহাওয়া অধিদফতর। আগামী ৭২ ঘণ্টায় ঢাকা, খুলনা, বরিশাল ও চট্টগ্রাম বিভাগের কয়েক জায়গায় হালকা বা গুঁড়িগুঁড়ি বৃষ্টি হওয়ার সম্ভাবনাও রয়েছে। পাশাপাশি রাজশাহী, রংপুর, ময়সনসিংহ ও সিলেট বিভাগের কোথাও কোথাও আকাশ আংশিক মেঘলা থাকতে পারে। এছাড়া রাতের তাপমাত্রা কিছুটা বাড়তে পারে বলে জানানো হয়েছে। বুধবার ভোর ছয়টা পর্যন্ত আগের ২৪ ঘণ্টায় দেশের সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে তেঁতুলিয়ায় ৮.৪ ডিগ্রি সেলসিয়াস। এসময়ে ঢাকার সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১২.৪ ডিগ্রি সেলসিয়াস। আর সর্বোচ্চ তাপমাত্রা ছিল কক্সবাজারের টেকনাফে ২৭.৫ ডিগ্রি সেলসিয়াস। ২৩শে জানুয়ারি অর্থাৎ গত মঙ্গলবার চুয়াডাঙ্গায় মৌসুমের সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে। এদিন সেখানে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ৬.৬ ডিগ্রি সেলসিয়াস। এখনও পর্যন্ত এটিই চলতি মৌসুমের শীতলতম দিন। এদিন ঢাকাতেও বছরের সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে। মঙ্গলবার ঢাকায় সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১১ ডিগ্রি সেলসিয়াস। তবে এটিই সাম্প্রতিককালে ঢাকার রেকর্ড সর্বনিম্ন তাপমাত্রা নয়।

আবহাওয়া অধিদপ্তরের হিসাবে দেখা যাচ্ছে, সাম্প্রতিক বছরগুলোর মধ্যে ঢাকায় সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছিল ২০১৩ সালে। সেবছর শীতে রাজধানীর তাপমাত্রা নেমে এসেছিল ৭.২ ডিগ্রি সেলসিয়াসে। এরপর দ্বিতীয় সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ২০১৮ সালের ৮ই জানুয়ারি। তখন তাপমাত্রা নেমেছিল ৯.৫ ডিগ্রি সেলসিয়াসে। আর ২০২৩ সালের শীতে ঢাকার সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছিল ১১.৫ ডিগ্রি সেলসিয়াস। বর্তমানে ঢাকা, খুলনা, রাজশাহী ও রংপুর বিভাগের প্রায় সবগুলো জেলাতে মৃদু শৈত্যপ্রবাহ চলছে বলে জানিয়েছে আবহাওয়া অধিদফতর। এছাড়া বরিশাল, ভোলা, মৌলভীবাজার এবং কুমিল্লা জেলার উপর দিয়েও মৃদু শৈত্যপ্রবাহ বয়ে যেতে দেখা যাচ্ছে বলে জানিয়েছেন তারা। এর আগে গত সপ্তাহে সারা দেশের প্রায় এক তৃতীয়াংশ জেলায় মৃদু থেকে মাঝারি আকারের

শৈত্যপ্রবাহ শুরু হয়। বুধবার কয়েক জায়গায় তাপমাত্রা বাড়লেও মৃদু শৈত্যপ্রবাহ অব্যাহত আছে বলে বিবিসি বাংলাকে জানিয়েছেন আবহাওয়া অধিদফতরের আবহাওয়াবিদ খন্দকার হাফিজুর রহমান।

এর মধ্যে ঢাকা বিভাগে শৈত্যপ্রবাহ চলছে কিশোরগঞ্জ, টাঙ্গাইল ও মাদারীপুরে। এছাড়া খুলনা বিভাগে যশোর, কুষ্টিয়া ও চুয়াডাঙ্গা এবং রাজশাহী ও রংপুর বিভাগের প্রায় সবগুলো জেলার উপর দিয়ে শৈত্যপ্রবাহ বয়ে যাচ্ছে। এইসব জেলার অনেক জায়গায় দুপুর গড়িয়ে বিকেল হয়ে যাওয়ার পরও সূর্যের কিরণ দেখা যাচ্ছে না। "আরও অন্তত দুই দিন এই অবস্থা চলবে। তবে তাপমাত্রা সামান্য বৃদ্ধি পাওয়ায় শীত কিছুটা কম অনুভূত হবে", বিবিসি বাংলাকে বলেন আবহাওয়াবিদ মি. রহমান। মঙ্গলবারও সারা দেশে তাপমাত্রা কম থাকলেও বুধবার থেকে সেটি এক থেকে তিন ডিগ্রি সেলসিয়াস পর্যন্ত বেড়েছে বলেও জানান তিনি। এদিকে, একটি শৈত্যপ্রবাহ শেষ হতে না হতেই আরও একটি শৈত্যপ্রবাহের আভাস দিচ্ছে বাংলাদেশ আবহাওয়া অধিদফতর। চলতি মাসের শেষে বা আগামী মাসের শুরুর দিকে শৈত্যপ্রবাহটি আসতে পারে বলে বিবিসি বাংলাকে জানিয়েছেন আবহাওয়াবিদ খন্দকার হাফিজুর রহমান। "জানুয়ারির শেষ বা ফেব্রুয়ারির শুরুতে এটি বয়ে যেতে পারে। এটি এখনকার মতোই মৃদু থেকে মাঝারি আকারের হতে পারে", বিবিসি বাংলাকে বলেন মি. রহমান। তাপমাত্রা আট থেকে দশ ডিগ্রি সেলসিয়াস হলে সেটিকে মৃদু শৈত্যপ্রবাহ বলা হয়। এছাড়া ছয় থেকে আট ডিগ্রি সেলসিয়াসে নামলে মাঝারি শৈত্যপ্রবাহ এবং চার থেকে ছয় ডিগ্রি সেলসিয়াসের মধ্যে থাকলে সেটিকে তীব্র শৈত্যপ্রবাহ বলা হয়। আর তাপমাত্রা চার ডিগ্রি সেলসিয়াসের নিচে নেমে গেলে হয় অতি তীব্র শৈত্যপ্রবাহ। এবছর এখন পর্যন্ত কেবল চুয়াডাঙ্গা জেলায় তীব্র শৈত্যপ্রবাহ বয়ে যেতে দেখা গেছে। তবে শীতের তীব্রতা সারা দেশেই অনুভূত হয়েছে।

"এবার কুয়াশা তৈরির প্রবণতা একটু বেশি দেখা যাচ্ছে" বিবিসি বাংলাকে জানান আরেক আবহাওয়াবিদ ড. মুহাম্মদ আবুল কালাম মল্লিক। তিনি আরও বলেন, স্বাভাবিক সময়ে সূর্যের কিরণকাল আট থেকে বারো ঘণ্টা হলেও এখন তা কমে দাঁড়িয়েছে তিন থেকে চার ঘণ্টায়। এতে ভূ-পৃষ্ঠ উত্তপ্ত হতে না পারায় দিনের ও রাতের তাপমাত্রার পার্থক্য অনেকটাই কমে গেছে। ফলে শীতও বেশি অনুভূত হচ্ছে। পুরো জানুয়ারি মাস জুড়েই শীতের এমন অনুভূতি থাকতে পারে বলে জানিয়েছেন মি. মল্লিক। তবে শীত অনুভূত হতে পারে ফেব্রুয়ারির শেষ পর্যন্ত। "পরের শৈত্যপ্রবাহটি শেষ হলে ফেব্রুয়ারিতে তাপমাত্রা ধীরে ধীরে বাড়তে থাকবে। তখন শীতও কম অনুভূত হবে" বিবিসি বাংলাকে জানান আবহাওয়াবিদ খন্দকার হাফিজুর রহমান। আবহাওয়া অধিদফতরের হিসাব বলছে, সাম্প্রতিক বছরগুলোর মধ্যে সবচেয়ে বেশি শীত পড়েছে ২০১৮ সালে। ঐ বছরের আটই জানুয়ারি পঞ্চগড়ের তেঁতুলিয়ায় তাপমাত্রা নেমেছিল ২.৬ ডিগ্রি সেলসিয়াসে, যা বাংলাদেশের ইতিহাসে সর্বনিম্ন তাপমাত্রার রেকর্ড। একই দিনে, সৈয়দপুরে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ২.৯ ডিগ্রি। এছাড়া নীলফামারীর ডিমলায় ৩ ডিগ্রি, কুড়িগ্রামের রাজারহাটে ৩.১ ডিগ্রি এবং দিনাজপুরে ৩.২ ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রা রেকর্ড করা হয়। এছাড়া সেদিন রংপুর বিভাগের আট জেলার সবক'টিতেই সর্বনিম্ন তাপমাত্রা পাঁচ ডিগ্রির কম ছিল বলে জানিয়েছে আবহাওয়া অধিদফতর। সে বছর দফায় দফায় তীব্র শৈত্যপ্রবাহও বয়ে যেতে দেখা গিয়েছিল।

এছাড়া ২০১৩ সালে ১০ই জানুয়ারি সৈয়দপুরে ৩ ডিগ্রি, ২০০৩ সালের ৯ই জানুয়ারি রাজশাহীতে ৩.৪ ডিগ্রি এবং ১৯৯৬ সালে দিনাজপুরে সর্বনিম্ন তাপমাত্রা ৩.৮ ডিগ্রি সেলসিয়াস রেকর্ড করা হয় বলে জানিয়েছে আবহাওয়া অধিদফতর। এর বাইরে, ২০১৯ সালে তেঁতুলিয়ায় ৪.৯ ডিগ্রি, ২০১১ সালের ১২ই জানুয়ারি যশোরে ৪.৫ ডিগ্রি এবং ২০১৭ সালে কুড়িগ্রামে সর্বনিম্ন তাপমাত্রা ৫ ডিগ্রি সেলসিয়াস রেকর্ড করা হয়।

(বিবিসি ওয়েব পেজ : ২৪.১.২৪ রিহাব)

## ভয়েস অব আমেরিকা

### নতুন প্রকল্প গ্রহণের আগে খরচ ও উপকারিতা বিবেচনা করুন : শেখ হাসিনা

চলমান কোন কোন প্রকল্প স্বল্প ব্যয়ে দ্রুত শেষ করা যাবে এবং কোন প্রকল্প থেকে সবচেয়ে বেশি অর্থনৈতিক সুবিধা পাওয়া যাবে সেটি চিহ্নিত করতে পরিকল্পনা কমিশনের প্রতি আহ্বান জানিয়েছেন বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেন, "যেসব উন্নয়ন কর্মসূচি অল্প টাকায় শেষ হবে, সেগুলোকে আমাদের অগ্রাধিকার দিতে হবে। কারণ আমি মনে করি, এসব প্রকল্প যত দ্রুত শেষ করতে পারব তত দ্রুত দেশবাসী এর সুবিধা ভোগ করতে পারবে।" বুধবার (২৪ জানুয়ারি) রাজধানী ঢাকার শেরে বাংলা নগরে পরিকল্পনা কমিশনের এনইসি মিলনায়তনে নতুন সরকার গঠনের পর কমিশনের প্রথম সভার সূচনা বক্তব্যে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। তিনি এই কমিশনের চেয়ারপারসনও। শেখ হাসিনা প্রকল্প বাস্তবায়নে দেরি করা ও মেয়াদ বৃদ্ধি এড়াতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের পরামর্শ দিয়ে প্রকল্পগুলোর ব্যয় ও প্রত্যাশিত সুযোগ-সুবিধার বিষয়টি গভীরভাবে খতিয়ে দেখারও আহ্বান জানান। তিনি বলেন, "নতুন প্রকল্প গ্রহণের সময় প্রকল্প ব্যয়, কী পরিমাণ ঋণ লাগবে, সুদসহ আমাদের কত পরিশোধ করতে হবে, ঋণ পরিশোধের জন্য আমরা কত সময় পাব, এসব বিষয় গভীরভাবে বিবেচনা করুন।"একইসঙ্গে দেশের সেই পরিমাণ ঋণ নেওয়ার সক্ষমতা আছে কি না, তাও খতিয়ে দেখতে বলেন তিনি। তিনি বলেন, "যেকোনো প্রকল্প গ্রহণের আগে এটা খুবই প্রয়োজন।" শেখ হাসিনা বলেন, এছাড়া একটি নির্দিষ্ট এলাকার জন্য নির্দিষ্ট প্রকল্পের আয় ও কার্যকারিতা সরকারকে বিবেচনায় নিতে হবে। এতে সাধারণ মানুষ কতটুকু লাভবান হবে এবং অর্থনীতিতে কতটুকু ঢুকবে। আমাদের সেদিকে নজর দিতে হবে। শেখ

হাসিনা উল্লেখ করেন, ২০২৬ সালের সবচেয়ে বড় চ্যালেঞ্জের জন্য প্রস্তুত বাংলাদেশ, এ সময় উন্নয়নশীল দেশে উত্তরণ সম্পন্ন করবে বাংলাদেশ।

তিনি বলেন, "উন্নয়নশীল দেশ হিসেবে আমরা কী ধরনের সুযোগ-সুবিধা পাব, সে বিষয় সুনির্দিষ্ট হতে হবে। সেখান থেকে আমাদের জন্য সেরা সুযোগ-সুবিধা নিতে হবে। আর সে অনুযায়ী আমাদের কাজ শুরু করতে হবে।" শেখ হাসিনা বলেন, স্বল্পোন্নত দেশ হিসেবে যেসব সুবিধা পাওয়া যাচ্ছে, উন্নয়নশীল দেশে উত্তরণের পর তার অনেক সুবিধা পাওয়া যাবে না। যদিও এটি ২০২৯ সাল পর্যন্ত পাওয়া যাবে এবং সরকার ইতোমধ্যে ২০৩২ সাল পর্যন্ত তা বাড়ানোর অনুরোধ করেছে। তিনি বলেন, "আমাদের চ্যালেঞ্জিং সময়ে আমাদের এই সমস্ত বিষয় বিবেচনা করতে এবং সেগুলো মোকাবিলার উপায় খুঁজে বের করতে হবে।" শেখ হাসিনা স্বাধীনতা ও মুক্তিযুদ্ধের চেতনার ইতিবাচক সুফল যাতে দেশের প্রতিটি দরজায় পৌঁছে যায় এবং জনগণ উন্নত ও সমৃদ্ধ জীবনের আনন্দ উপভোগ করতে পারে সেজন্য সবাইকে কঠোর পরিশ্রম করার আহ্বান জানান। তিনি ২০৪১ সালের মধ্যে দেশকে স্মার্ট দেশে পরিণত করার প্রত্যয় ব্যক্ত করেন।
(ভোয়া ওয়েব পেজ : ২৪.০১.২০২৪ এলিনা)

## সংশোধিত শ্রম আইন দ্বাদশ সংসদের প্রথম অধিবেশনে পাস হবে : আইনমন্ত্রী

বাংলাদেশের আইন, বিচার ও সংসদবিষয়ক মন্ত্রী আনিসুল হক জানিয়েছেন, সংশোধিত শ্রম আইন দ্বাদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশনে পাস হবে। বুধবার (২৪ জানুয়ারি) সচিবালয়ে শ্রম মন্ত্রণালয়ের কর্মকর্তাদের সঙ্গে বৈঠকের পর এক সংবাদ সম্মেলনে এ কথা বলেন তিনি। সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে আনিসুল হক বলেন, "অবশ্যই (দ্বাদশ সংসদের প্রথম অধিবেশনে) উঠবে, অবশ্যই পাস হবে।"তিনি বলেন, "আইএলওর গভর্নিং বোর্ডের মিটিং আগামী মার্চে হবে। আমাদের যে অগ্রগতি ও এই শ্রম আইনের ব্যাপারে কী সব কাজ করছি তার একটা ব্রিফিংয়ের জন্য আজকের মিটিংটা ছিল।" আনিসুল হক বলেন, "প্রধানমন্ত্রী এই মন্ত্রণালয়ের (শ্রম ও কর্মসংস্থান) মন্ত্রী হিসেবে দায়িত্বভার নিয়েছেন। মন্ত্রণালয়কে তিনি কতটা গুরুত্ব সহকারে দেখেন তারই প্রতিফলন এটা। আমি প্রধানমন্ত্রীকে এ ব্যাপারে ব্রিফ করব।" আনিসুল হক বলেন, "প্রধানমন্ত্রীকে ব্রিফ করার পরই সবকিছুর আলোচনা আপনাদের সঙ্গে করতে পারি। প্রধানমন্ত্রীর সঙ্গে কথা না বলে আমি আপনাদের কোনো তথ্য দিতে পারব না।"শিল্প কারখানায় ট্রেড ইউনিয়ন গঠনে শ্রমিকদের স্বাক্ষরের হার ১০ শতাংশ করার ব্যাপারে সিদ্ধান্ত নেওয়া হয়েছে কি না- জানতে চাইলে আনিসুল হক বলেন, "এটা নিয়েও আজকে আমরা আলোচনা করেছি। এখানেও যে সিদ্ধান্ত সেই সিদ্ধান্ত অনুযায়ী এগিয়ে যাচ্ছি। প্রধানমন্ত্রীর আগের নির্দেশনা অনুযায়ী একটা পরিবর্তন এনেছি, আমি খুব শিগগির প্রধানমন্ত্রীকে এটা নিয়ে ব্রিফ করব। স্বাক্ষরের হার ১০ শতাংশ করা আপনারা যৌক্তিক মনে করছেন কি না-এ বিষয়ে আনিসুল হক বলেন, "শ্রমিকেরা যেটা আলোচনা করে সিদ্ধান্ত দেবেন, আমার মনে হয় আমাদের দেশের পরিবেশের জন্য সেটাই গ্রহণ করা সমীচীন হবে।"(ভোয়া ওয়েব পেজ : ২৪.০১.২০২৪ এলিনা)

## প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ইউরোপীয় কাউন্সিলের প্রেসিডেন্ট চার্লস মিশেলের অভিনন্দন

টানা চতুর্থবারের মতো প্রধানমন্ত্রী পদে পুনর্নির্বাচিত হওয়ায় শেখ হাসিনাকে অভিনন্দন জানিয়েছেন ইউরোপীয় কাউন্সিলের প্রেসিডেন্ট চার্লস মিশেল। প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে পাঠানো এক অভিনন্দন বার্তায় তিনি বলেন, "ইউরোপীয় ইউনিয়ন আপনার দেশের একটি নির্ভরযোগ্য এবং দীর্ঘমেয়াদী অংশীদার। আমরা টেকসই উন্নয়ন, জলবায়ু পরিবর্তন, অভিবাসন এবং অন্য অভিন্ন স্বার্থসংশ্লিষ্ট বিষয়ে বাংলাদেশের সঙ্গে কাজ অব্যাহত রাখতে প্রতিশ্রুতিবদ্ধ।" বুধবার (২৪ জানুয়ারি) প্রধানমন্ত্রীর কার্যালয় ইউরোপীয় কাউন্সিলের প্রেসিডেন্ট চার্লস মিশেলের অভিনন্দন বার্তার বিষয়টি জানিয়েছে। বার্তায় তিনি বলেছেন, "আমাদের সহযোগিতা বিস্তৃত ও আধুনিকীকরণের লক্ষ্যে অংশীদারত্ব ও সহযোগিতা চুক্তির বিষয়ে আলোচনা শিগগিরই শুরু হবে।" তিনি বলেন, "এই চুক্তি আগামী বছরগুলোতে আমাদের সম্পর্কের জন্য একটি দৃঢ় কাঠামো নির্ধারণ করবে।" চার্লস মিশেল আরও বলেন, "বাংলাদেশের সঙ্গে আমাদের দীর্ঘমেয়াদী অংশীদারত্বের কাঠামোর আওতায় ইইউ বাংলাদেশ সরকারের সঙ্গে গণতন্ত্র, মানবাধিকার ও আইনের শাসনের অভিন্ন অগ্রাধিকারগুলো সমুন্নত রাখতে এবং আমাদের সম্পর্কের ভিত্তি উন্নয়নে কাজ করে যাবে।"
(ভোয়া ওয়েব পেজ : ২৪.০১.২০২৪ এলিনা)

## যুক্তরাজ্য-বাংলাদেশের সম্পর্ক জোরদারে একসঙ্গে কাজ করব : হাইকমিশনার সারাহ কুক

বাংলাদেশ ও যুক্তরাজ্যের মধ্যে সম্পর্ক জোরদারে একসঙ্গে কাজ করার উপর গুরুত্বারোপ করেছেন বাংলাদেশে নিযুক্ত যুক্তরাজ্যের হাইকমিশনার সারাহ কুক। বুধবার (২৪ জানুয়ারি) পররাষ্ট্র মন্ত্রণালয়ে পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদের সঙ্গে সাক্ষাৎকালে তিনি জলবায়ু পরিবর্তন, অভিবাসন ও রোহিঙ্গাদের কল্যাণের মতো চ্যালেঞ্জ মোকাবিলায় কীভাবে একসঙ্গে কাজ করা যায় সে বিষয়ে আলোচনা করেন। সারাহ কুক বলেন, তারা দুই দেশের মধ্যে বাণিজ্য ও বিনিয়োগ ইস্যু এবং নিরাপত্তা অংশীদারত্ব জোরদার করার উপায় নিয়েও আলোচনা করেছেন। সারাহ কুক বলেন, যুক্তরাজ্য বাংলাদেশের একটি বড় উন্নয়ন সহযোগী এবং এখানে তাদের উল্লেখযোগ্য বিনিয়োগ রয়েছে। যুক্তরাজ্য গণতন্ত্র ও মানবাধিকার ইস্যুতে বাংলাদেশ সরকার ও রাজনৈতিক দলগুলোর সঙ্গে গঠনমূলকভাবে সম্পৃক্ততা অব্যাহত রাখবে বলেও জানান তিনি। হাছান মাহমুদে বলেন, তারা আইসিটি, সাইবার নিরাপত্তা, দুই কেন্দ্রীয় ব্যাংকের মধ্যে সহযোগিতা, জলবায়ু

পরিবর্তন এবং রোহিঙ্গা প্রত্যাবাসন বিষয়ে বিশেষভাবে আলোচনা করেছেন। তিনি বলেন, "জলবায়ু পরিবর্তনের ফ্রন্টে, আমরা যুক্তরাজ্যের সঙ্গে স্থানীয়ভাবে এবং আন্তর্জাতিক ফোরামে কাজ করছি।" রোহিঙ্গা সংকট প্রসঙ্গে হাছান মাহমুদ বলেন, "তাদের প্রত্যাবাসনই একমাত্র সমাধান।"

মানবাধিকার ইস্যুতে এক প্রশ্নের জবাবে হাছান মাহমুদ বলেন, অবশ্যই বিশ্বব্যাপী মানবাধিকার একটি ইস্যু এবং প্রতিটি দেশ এক্ষেত্রে উন্নতির জন্য কাজ করছে। হাছান মাহমুদ আরও জানান, যুক্তরাজ্যের পররাষ্টমন্ত্রী ডেভিড ক্যামেরন তাকে বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী হিসেবে নিয়োগের জন্য অভিনন্দন জানিয়ে একটি বার্তা পাঠিয়েছেন এবং সম্পর্ক জোরদার করতে একসঙ্গে কাজ করার ইচ্ছা প্রকাশ করেছেন। যুক্তরাজ্যের হাইকমিশনার সারাহ কুক পররাষ্ট্রমন্ত্রী হাসান মাহমুদের কাছে ডেভিড ক্যামেরনের চিঠিটি হস্তান্তর করেন। (ভোয়া ওয়েব পেজ : ২৪.০১.২০২৪ এলিনা)

**দেশে গণতন্ত্র না থাকায় ধনী-দরিদ্রের বৈষম্য ক্রমশ বাড়ছে : নজরুল ইসলাম খান**

বাংলাদেশে গণতন্ত্র না থাকায় ধনী-দরিদ্রের বৈষম্য ক্রমান্বয়ে বাড়ছে বলে অভিযোগ করেছেন বিরোধী রাজনৈতিক দল বাংলাদেশ জাতীয়তাবাদী দলের (বিএনপি) স্থায়ী কমিটির সদস্য নজরুল ইসলাম খান। তিনি বলেন, "সবার উন্নয়নের কথা চিন্তা করলে গণতন্ত্র ছাড়া উপায় নেই। গণতন্ত্র না থাকায় দেশের বিপুল সংখ্যক মানুষ এখন দ্রব্যমূল্যের উর্ধ্বগতিতে পিষ্ট। আর মুষ্টিমেয় কিছু মানুষ কোটি কোটি টাকার বাড়ি কিনছে।" তিনি আরও অভিযোগ করে বলেন, মাত্র ৫ শতাংশ মানুষ দুর্নীতি ও লুটপাটে লিপ্ত হয়ে দেশের বিপুল পরিমাণ সম্পদ ও অর্থ আত্মসাৎ করছে। নজরুল ইসলাম খান বলেন, সংখ্যাগরিষ্ঠ মানুষের সমর্থনের প্রয়োজন নেই বলেই ৫ শতাংশ মানুষকে অবৈধভাবে অর্জিত অর্থ সংগ্রহের সুযোগ দেওয়া হয়েছে। ফলে তারা ভোটে বিশ্বাস করে না। বুধবার (২৪ জানুয়ারি) নয়াপল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ে দলটির প্রতিষ্ঠাতা জিয়াউর রহমানের ছোট ছেলে আরাফাত রহমান কোকোর নবম মৃত্যুবার্ষিকী উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় তিনি এসব কথা বলেন। দেশের এ অবস্থা থেকে পরিত্রাণ পেতে জনগণের ভোটের অধিকার ফিরিয়ে দেওয়ার কোনো বিকল্প নেই উল্লেখ করে বিরোধী দলগুলোর চলমান সরকারবিরোধী আন্দোলন সফল করতে সবাইকে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানিয়ে নজরুল ইসলাম খান আরও বলেন, ১৯৭১ সালে মুক্তিযুদ্ধের মাধ্যমে দেশকে স্বাধীন করে দেশের মানুষ জীবন ও রক্ত দিয়ে গণতন্ত্র প্রতিষ্ঠা করেছে। সেই গণতন্ত্র এখন বাংলাদেশে নেই। তা ধ্বংস হয়ে গেছে। উল্লেখ্য, ২০১৫ সালের ২৪ জানুয়ারি মালয়েশিয়ায় হৃদরোগে আক্রান্ত হয়ে ৪৫ বছর বয়সে মারা যান আরাফাত রহমান কোকো। (ভোয়া ওয়েব পেজ : ২৪.০১.২০২৪ এলিনা)

**চরম হতাশা বিএনপিকে গ্রাস করেছে : হাছান মাহমুদ**

এদিকে, ক্ষমতাসীন আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ও পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদ বলেছেন, বিএনপি এখন বুঝতে পেরেছে যে, নির্বাচন বর্জন করা বড় ভুল ছিল। বুধবার পুরান ঢাকার বকশী বাজারের ঐতিহাসিক শিক্ষাপ্রতিষ্ঠান নবকুমার ইনস্টিটিউশনে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এ কথা বলেন। ১৯৬৯ সালের গণঅভ্যুত্থানে আত্মোৎসর্গকারী শহীদ মতিউর রহমানের স্মৃতিস্তম্ভে দলীয় নেতাদের পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করেন হাছান মাহমুদ। তিনি বলেন, পুনঃনির্বাচিত হওয়ায় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে সারা বিশ্ব অভিনন্দন জানাচ্ছে। এতে তারা (বিএনপি) হতাশ হয়েছে এবং তারা আজেবাজে কথা বলছে। (ভোয়া ওয়েব পেজ : ২৪.০১.২০২৪ এলিনা)

**ঢাকা-লন্ডন সম্পর্ক আধুনিক অংশীদারত্বের দিকে এগিয়ে যাচ্ছে : ডেভিড ক্যামেরন**

যুক্তরাজ্যের পররাষ্ট্র, কমনওয়েলথ ও উন্নয়নবিষয়ক মন্ত্রী ডেভিড ক্যামেরন বলেছেন, বাংলাদেশের সঙ্গে তাদের দ্বিপক্ষীয় সম্পর্ক উন্নয়নকেন্দ্রিক থেকে আধুনিক অর্থনৈতিক, নিরাপত্তা ও অভিবাসন অংশীদারত্বের দিকে এগিয়ে যাচ্ছে। তিনি বলেন, "আমি আশা করি, একসঙ্গে কাজ করার মাধ্যমে আমাদের বাণিজ্য ও বিনিয়োগ সম্পর্ক জোরদার করতে পারব। নিরাপত্তাসংক্রান্ত অংশীদারত্ব জোরদার করতে পারব এবং বৈশ্বিক ও আঞ্চলিক চ্যালেঞ্জসমূহ যেমন-জলবায়ু পরিবর্তন, অবাধ ও উন্মুক্ত প্রশান্ত মহাসাগরীয় অঞ্চল (ইন্দো প্যাসিফিক) এবং রোহিঙ্গা শরণার্থীদের কল্যাণে সহযোগিতা করতে পারব।" বাংলাদেশের নতুন পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদকে পাঠানো অভিনন্দন বার্তায় এ কথা বলেন তিনি। এতে বাংলাদেশসহ অন্য দেশের অবৈধ অভিবাসন মোকাবিলায় সহযোগিতার অগ্রগতির ওপর অত্যন্ত গুরুত্ব দিয়েছেন। ডেভিড ক্যামেরন বলেন, "আমাদের সম্পর্কের ক্ষেত্রে আপনার বক্তব্য শোনার এবং আমাদের পারস্পরিক স্বার্থ রক্ষায় একসঙ্গে কাজ করার অপেক্ষায় রয়েছি।" ডেভিড ক্যামেরন সাম্প্রতিক নির্বাচনের পর বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী হিসেবে নিয়োগ পাওয়ায় হাছান মাহমুদকে অভিনন্দন জানান। তিনি বলেন, "আমাদের গভীর পারস্পরিক সম্পর্ক, জনগণের সঙ্গে জনগণের সম্পর্ক এবং পারস্পাকি স্বার্থ ও মূল্যবোধের ভিত্তিতে আমি আপনার সঙ্গে কাজ করার অপেক্ষায় রয়েছি।" ডেভিড ক্যামেরন বলেন, ফরেন, কমনওয়েলথ অ্যান্ড ডেভেলপমেন্ট অফিস থেকে সম্প্রতি একটি বিবৃতি দেওয়া হয়েছে। বিবৃতিতে এই মূল্যবোধের প্রতিফলন ঘটেছে এবং গণতন্ত্র ও মানবাধিকার সম্পর্কে তাদের দৃষ্টিভঙ্গি তুলে ধরা হয়েছে। তিনি বলেন, এসব বিষয়ে তারা পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদের সঙ্গে গঠনমূলক যোগাযোগ অব্যাহত রাখবেন। বাংলাদেশে নিযুক্ত যুক্তরাজ্যের হাইকমিশনার সারাহ কুক বুধবার (২৪ জানুয়ারি) হাছান মাহমুদের কাছে চিঠিটি হস্তান্তর করেন। (ভোয়া ওয়েব পেজ : ২৪.০১.২০২৪ এলিনা)

## তারেকের বিরুদ্ধে রায় বাস্তবায়নে যা কিছু করা সম্ভব সবই করবে সরকার : হাছান মাহমুদ

বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ বলেছেন, যুক্তরাজ্যে অবস্থানরত বিএনপির (বাংলাদেশ জাতীয়তাবাদী দল) ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের বিরুদ্ধে আদালতের রায় বাস্তবায়নে যা কিছু করা সম্ভব যথাসময়ে সরকার সবই করবে। তিনি বলেন, "প্রত্যেক দণ্ডিত ব্যক্তির রায় কার্যকর নিশ্চিত করতে চায় আমাদের সরকার। তারেক রহমানের ইস্যুতে সরকার উপযুক্ত সময়ে সম্ভাব্য সবকিছুই করবে।" বুধবার (২৪ জানুয়ারি) পররাষ্ট্র মন্ত্রণালয়ে আদালতের রায় বাস্তবায়নে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেককে ফিরিয়ে আনার বিষয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। বাংলাদেশে নিযুক্ত যুক্তরাজ্যের হাইকমিশনার সারাহ কুকের সঙ্গে পররাষ্ট্র মন্ত্রণালয়ে সাক্ষাৎ শেষে সাংবাদিকদের সঙ্গে কথা বলেন হাছান মাহমুদ। এ সময় তিনি জানান, আদালতের রায় কার্যকর করতে সরকার বিএনপির দণ্ডিত ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেককে ফিরিয়ে আনার চেষ্টা করছে, তবে সবকিছুই নির্ভর করছে যুক্তরাজ্য সরকারের ওপর। এক প্রশ্নের জবাবে হাছান মাহমুদ বলেন, পারিবারিক পুনর্মিলনের ক্ষেত্রে অনেকে সমস্যার সম্মুখীন হচ্ছেন, এই প্রক্রিয়া সহজ করার ওপর গুরুত্বারোপ করেছেন তিনি। তিনি স্বীকার করেন, এমন অনেকে আছেন, যারা যুক্তরাজ্যে অবৈধভাবে বসবাস করছেন। উল্লেখ্য, ২০২৩ সালের সেপ্টেম্বরে ভয়েস অফ আমেরিকার বাংলা সার্ভিসকে দেওয়া এক সাক্ষাৎকারে বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছিলেন, "তিনি (তারেক রহমান) সেখানে (যুক্তরাজ্য) আছেন। অপরাধী যেই হোক না কেন, তাকে ফিরিয়ে এনে তাদের সাজা কার্যকর করতে হবে। এ ব্যাপারে আমরা আমাদের প্রচেষ্টা অব্যাহত রেখেছি। তবে এখন বিষয়টি পুরোপুরি ব্রিটিশ সরকারের ওপর নির্ভরশীল। তারা কী তাকে সেখানে রাখবে নাকি শাস্তি কার্যকর করতে দেবে? এটা সম্পূর্ণভাবে তাদের ওপর নির্ভর করছে।" তারেক রহমানের বিরুদ্ধে অর্থ পাচার, অস্ত্র চোরাচালান, দুর্নীতি এবং ২১ আগস্ট গ্রেনেড হামলাসহ বেশ কয়েকটি মামলা রয়েছে।(ভোয়া ওয়েব পেজ : ২৪.০১.২০২৪ এলিনা)

## ময়মনসিংহ ও কুমিল্লা সিটির নির্বাচনের তফসিল ঘোষণা করেছে ইসি

ময়মনসিংহ সিটি করপোরেশনের সাধারণ নির্বাচন ও কুমিল্লা সিটি করপোরেশনের মেয়র পদে উপ-নির্বাচনের তফসিল ঘোষণা করেছে নির্বাচন কমিশন (ইসি)। এ ছাড়া, পৌরসভা নির্বাচনসহ আরও ২৩১টি নির্বাচনের তফসিলও ঘোষণা করা হয়। সিটিসহ এসব নির্বাচনে ভোট গ্রহণ করা হবে ৯ মার্চ। বুধবার (২৪ জানুয়ারি) নির্বাচন ভবনে এক সংবাদ সম্মেলনে ইসি সচিব জাহাঙ্গীর আলম এই তফসিল ঘোষণা করেন। জাহাঙ্গীর আলম জানান, সিটি করপোরেশন নির্বাচনে মনোনয়নপত্র দাখিলের শেষ সময় ১৩ ফেব্রুয়ারি। মনোনয়নপত্র যাচাই-বাছাই ১৫ ফেব্রুয়ারি। মনোনয়নপত্র প্রত্যাহার ২২ ফেব্রুয়ারি এবং প্রতীক বরাদ্দ ২৩ ফেব্রুয়ারি। তিনি আরও বলেন, প্রধান নির্বাচন কমিশনার কাজী হাবিবুল আউয়ালের নির্দেশনা অনুযায়ী সিটি করপোরেশন, পৌরসভা ও জেলা পরিষদ নির্বাচনে ইভিএম ব্যবহার করা হবে।
(ভোয়া ওয়েব পেজ : ২৫.০১.২০২৪ এলিনা)

## 'শরিফার গল্প' পর্যালোচনায় কমিটি গঠন শিক্ষা মন্ত্রণালয়ের

নতুন কারিকুলামে সপ্তম শ্রেণির ইতিহাস ও সামাজিক বিজ্ঞান বইয়ে মানুষে মানুষে সাদৃশ্য ও ভিন্নতা অধ্যায়ে তৃতীয় লিঙ্গের (হিজড়া) জনগোষ্ঠী সম্পর্কে জনসচেতনতামূলক আলোচিত 'শরিফার গল্প' নিয়ে উদ্ভূত আলোচনার পরিপ্রেক্ষিতে এ বিষয়ে আরও গভীরভাবে পর্যালোচনার সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে জানিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। এ বিষয়ে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডকে (এনসিটিবি) সহায়তা করার জন্য পাঁচ সদস্যের উচ্চ পর্যায়ের বিশেষজ্ঞ কমিটি গঠন করেছে শিক্ষা মন্ত্রণালয়। এই কমিটির আহ্বায়ক করা হয়েছে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য (ভিসি) অধ্যাপক ড. আব্দুর রশীদকে। কমিটির অন্য সদস্যরা হলেন- ইসলামিক ফাউন্ডেশনের গভর্নর মুফতি মাওলানা কফিল উদ্দীন সরকার, এনসিটিবির সদস্য মশিউজ্জামান, ঢাকা আলীয়া মাদরাসার অধ্যক্ষ অধ্যাপক মোহাম্মদ আব্দুর রশিদ এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের (আইইআর) পরিচালক অধ্যাপক আবদুল হালিম। উল্লেখ্য, বাংলাদেশের নতুন কারিকুলামের আলোকে প্রণীত সপ্তম শ্রেণির ইতিহাস ও সামাজিক বিজ্ঞান বইয়ের মানুষে মানুষে সাদৃশ্য ও ভিন্নতা অধ্যায়ে তৃতীয় লিঙ্গের (হিজড়া) জনগোষ্ঠী সম্পর্কে জনসচেতনতামূলক একটি পাঠ রয়েছে। এ নিয়ে ২০২৩ সাল থেকে বাংলাদেশে বিতর্ক চলছে। বিষয়টি নতুন করে সামনে এসেছে সম্প্রতি ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের একজন শিক্ষক (খণ্ডকালীন) এক অনুষ্ঠানে বইটির পাতা ছিঁড়ে ফেলার পর। এই ঘটনার ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়ে। এ বিষয়ে মঙ্গলবার (২৩ জানুয়ারি) সাংবাদিকদের প্রশ্নের জবাব দেন শিক্ষামন্ত্রী মহিবুল হাসান চৌধুরী। তিনি বলেন, "পাঠ্যবইয়ে হিজড়া জনগোষ্ঠী সম্পর্কে জনসচেতনতামূলক পাঠ অংশের উপস্থাপনায় কোনো বিতর্ক বা বিভ্রান্তির সৃষ্টি হয়ে থাকলে এবং বিশেষজ্ঞরা মনে করলে কিছুটা পরিবর্তন আনা যেতে পারে।" বইয়ে শব্দটি ট্রান্সজেন্ডার নয়, থার্ড জেন্ডার আছে জানিয়ে তিনি বলেন, "সেটি আইনত স্বীকৃত, যারা জৈবিক (বায়োলজিক্যাল) কারণে তৃতীয় লিঙ্গ বা সামগ্রিকভাবে সমাজে হিজড়া নামে পরিচিত। তারা এ দেশের নাগরিক। অবশ্যই তাদের নাগরিক সুবিধা আছে।"(ভোয়া ওয়েব পেজ : ২৫.০১.২০২৪ এলিনা)

# রেডিও তেহরান

## বিএসএফ'র গুলিতে নিহত বিজিবি জওয়ানের মরদেহ হস্তান্তর

বাংলাদেশের জেলা শহর যশোরের বেনাপোলের ধান্যখোলা সীমান্তে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী বিএসএফের গুলিতে নিহত বর্ডার গার্ড বাংলাদেশ, বিজিবির সিপাহী মোহাম্মদ রইশুদ্দীনের মরদেহ হস্তান্তর করা হয়েছে। আজ সকালে শার্শার শিকারপুর সীমান্ত দিয়ে বিজিবির কাছে তার মরদেহ হস্তান্তর করা হয়। আরো জানাচ্ছেন ঢাকা থেকে আমাদের বিশেষ সংবাদদাতা :

বাংলাদেশের জেলা শহর যশোরের বেনাপোলের ধান্যখোলা সীমান্তে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনীর (বিএসএফ) গুলিতে নিহত বর্ডার গার্ড বাংলাদেশের (বিজিবি) সিপাহি মোহাম্মদ রইশুদ্দীনের মরদেহ হস্তান্তর করা হয়েছে। বুধবার সকালে শার্শার শিকারপুর সীমান্ত দিয়ে তার মরদেহ বিজিবির কাছে হস্তান্তর করা হয়। এ বিষয়ে বিজিবির পক্ষ থেকে আনুষ্ঠানিকভাবে কিছু জানানো না হলেও খোঁজ নিয়ে জানা গেছে, মোহাম্মদ রইশুদ্দীনের মরদেহ যশোর ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতালের মর্গে নিয়ে যাওয়া হয়েছে। এর আগে সোমবার দিবাগত রাত সাড়ে ১২টার দিকে বিজিবির পক্ষ থেকে গণমাধ্যমে সংবাদ বিজ্ঞপ্তি পাঠিয়ে জানানো হয়, ২২ জানুয়ারি আনুমানিক ভোর সাড়ে ৫টার দিকে বিজিবি ধান্যখোলা বিওপির জেলেপাড়া পোস্ট সংলগ্ন এলাকায় ভারত থেকে আসা একদল গোরু চোরাকারবারিকে সীমান্ত অতিক্রম করে আসতে দেখে দায়িত্বরত বিজিবি টহল দল তাদের চ্যালেঞ্জ করলে তারা দৌড়ে ভারতের দিকে পালিয়ে যাওয়ার চেষ্টা করে। এ সময় বিজিবির সিপাহি মোহাম্মদ রইশুদ্দীন চোরাকারবারিদের পেছনে ধাওয়া করতে করতে ঘন কুয়াশার কারণে দল থেকে বিচ্ছিন্ন হয়ে পড়েন। প্রথমে তাকে খুঁজে পাওয়া না গেলেও পরে বিভিন্ন মাধ্যমে জানা যায় তিনি বিএসএফের গুলিতে আহত হয়ে ভারতের অভ্যন্তরে হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। ঘটনার পরপরই এ বিষয়ে ব্যাটালিয়ন কমান্ডার পর্যায়ে পতাকা বৈঠক করা হয়। পরে জানা যায় হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় সৈনিক মোহাম্মদ রইশুদ্দীন মারা গেছেন। এ বিষয়ে বিএসএফকে বিষয়টির ব্যাপারে সুষ্ঠু তদন্তের দাবি জানানোর পাশাপাশি কূটনৈতিকভাবে তীব্র প্রতিবাদ জানানো হয়।

(রেডিও তেহরান : ২০৩০ ঘ. ২৪.০১.২০২৪, বাদশা রহমান, এলিনা)

## তারেক রহমানকে দেশে ফিরিয়ে এনে সাজা কার্যকর করবে সরকার : ডক্টর হাছান মাহমুদ

বাংলাদেশের নবনিযুক্ত পররাষ্ট্রমন্ত্রী বলেছেন, তারেক রহমান সাজা প্রাপ্ত আসামি, উপযুক্ত সময় তাকে দেশে ফিরিয়ে এনে রায় কার্যকর করতে যা করার তা করবে সরকার। আজ পররাষ্ট্র মন্ত্রণালয়ে ব্রিটিশ হাই-কমিশনার সারাহ কুকের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ শেষে উপস্থিত সাংবাদিকদের এ কথা বলেন নতুন পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ। তিনি বলেন, যুক্তরাজ্য সবসময়ই আমাদের অন্যতম উন্নয়ন সহযোগী এবং বন্ধু রাষ্ট্র। আমাদের উন্নয়ন কাজে পরম অংশীদার। যুক্তরাজ্যের সঙ্গে আজও বহুমাত্রিক সহযোগিতার বিষয়ে আলোচনা হয়েছে।

(রেডিও তেহরান : ২০৩০ ঘ. ২৪.০১.২০২৪, বাদশা রহমান, এলিনা)

## অভিযানেও কমছে না চালের দাম : শক্ত অবস্থানে সরকার, চলছে বিশেষ নজরদারী

বাংলাদেশে ভরা মৌসুমে মিল মালিকদের কারসাজিতে অস্থির চালের বাজার। অভিযানেও কমছে না চালের দাম। কৃষিমন্ত্রী বলেছেন মজুমদার ও সিন্ডিকেটের বিরুদ্ধে সরকার সজাগ ও সতর্ক রয়েছে। এ সম্পর্কে এখন জানানো হচ্ছে ঢাকা থেকে আমাদের বিশেষ সংবাদদাতার পাঠানো প্রতিবেদন :

এবার আমনের বাম্পার ফলন হয়েছে। সরকারি গুদামেও রয়েছে চালের পর্যাপ্ত মজুত। বাজারেও পণ্যটির কোনো ঘাটতি নেই। তারপরও ভরা মৌসুমে মিল মালিকদের কারসাজিতে অস্থির চালের বাজার। গেল দুই সপ্তাহ ধরে মিল পর্যায় থেকে ৫০ কেজির বস্তাপ্রতি ৩০০ টাকা দাম বাড়িয়ে চাল বিক্রি করা হচ্ছে। ফলে রাজধানী ঢাকাসহ সারা দেশের পাইকারি বাজারে হু হু করে বেড়েছে দাম। প্রভাব পড়েছে খুচরা বাজারেও। ফলে মূল্য নিয়ন্ত্রণে খোদ খাদ্যমন্ত্রী কঠোর নির্দেশ দিলেও বাজারে এক প্রকার দায়সারা তদারকি করছে কর্তৃপক্ষ। এতে চাল নিয়ে মিলারদের চালবাজিতে ধরাশায়ী হচ্ছেন ভোক্তারা। এদিকে, সংসদ নির্বাচনের পর হঠাৎ করে চালের দাম বেড়ে যাওয়ায় বাজার তদারকি শুরু করেছে খাদ্য মন্ত্রণালয়। তবে রাজধানীর বাজার ঘুরে ট্রেড লাইসেন্স না থাকা, বেশি দামে চাল বিক্রি ও মূল্যতালিকা না থাকাসহ সুনির্দিষ্ট নানা অভিযোগের সত্যতা পাওয়া গেলেও দৃশ্যমান কোনো শাস্তিমূলক ব্যবস্থা নেয়নি কতৃপক্ষ। এদিকে, চালের দাম ক্রমাগত বাড়তে থাকায় চালের মোকাম ও আটো রাইস মিলে অভিযান চালিয়েছে ভোক্তা অধিকার, কৃষি বিপনন ও খাদ্য অধিদফতর। জনৈক কর্মকর্তা বলেন, (স্বকণ্ঠে) : আমরা তিন-চারটি অটো মিলে অভিযান অলরেডি করেছি। এখনো পর্যন্ত আমরা এ ধরনের অসঙ্গতি পাইনি। তবে দু একটি মিলে প্যাকেটজাত করার ক্ষেত্রে ওজনের কম-বেশি হয়েছে। সে কারণে আমরা প্রচলিত আইন অনুসারে সেটার ব্যবস্থা নিয়েছি। খাদ্য মন্ত্রণালয়ের সর্বশেষ তথ্য অনুযায়ী, সারাদেশে মোট ১৬ লাখ ৫৮ হাজার ৬২৪ টন খাদ্যশস্য মজুত আছে। এর মধ্যে চাল ১৪ লাখ ৩৫ হাজার ৩৪৮ টন, গম ২ লাখ ২২ হাজার ৪৪ টন ও ধান ১৬ হাজার ৯০০ টন। মন্ত্রণালয় বলছে, দেশে খাদ্যশস্যের কোন অভাব নেই। এ বিষয়ে কনজ্যুমারস অ্যাসোসিয়েশন অব বাংলাদেশের (ক্যাব) সভাপতি গোলাম রহমান বলেছেন, মিলাররা সব সময় সুযোগের অপেক্ষায় থাকেন। ধান কাটার মৌসুম এলেই তারা চালের কৃত্রিম সংকট তৈরি করে,

এবারও তাই করেছে। তবে কৃষিমন্ত্রী ড. মো. আব্দুস শহীদ বলেছেন, চালের মজুতদার ও সিন্ডিকেটের বিরুদ্ধে সরকার সজাগ ও সতর্ক (স্বকণ্ঠে) : ধান মজুতদারীটা কিছুটা ছিল, এটা নাই বলা যাবে না। ধান মজুদ হলেই তো চাউলের প্রশ্নটা এসে যায়। এ ব্যাপারে কিন্তু সরকার খুব শক্ত ভূমিকা নিচ্ছে এবং অলরেডি মাননীয় প্রধানমন্ত্রী বলে দিয়েছেন যে কেউ এই সমস্ত করবে তাকে গ্রেফতার করো, জেলে দাও এতে আমাদের কোন ধরনের ছাড় নাই। কারণ কৃষকদের যেটুকু পাওয়ার তারা পাচ্ছে। (রেডিও তেহরান : ২০৩০ ঘ. ২৪.০১.২০২৪, বাদশা রহমান, এলিনা)

## ডয়চে ভেলে

### দুই সিটিসহ ২৩৩ স্থানীয় নির্বাচনের তফসিল ঘোষণা

আগামী ৯ মার্চ ময়মনসিংহ ও কুমিল্লা সিটি কর্পোরেশনের মেয়র পদে উপনির্বাচন অনুষ্ঠিত হবে। একই দিনে আরো ২৩১টি পৌরসভা, বিভিন্ন সিটি করপোরেশনের ওয়ার্ড, ইউনিয়ন ও জেলা পরিষদের নির্বাচনও অনুষ্ঠিত হবে। আজ নির্বাচনের তফসিল ঘোষণা করেছেন নির্বাচন কমিশন সচিব জাহাঙ্গীর আলম। তিনি বলেন, "প্রার্থীরা ১৩ ফেব্রুয়ারি পর্যন্ত মনোনয়নপত্র জমা দিতে পারবেন এবং ১৫ ফেব্রুয়ারি যাচাই-বাছাই করা হবে। প্রার্থিতা প্রত্যাহারের শেষ দিন ২৩ ফেব্রুয়ারি।" ২০১৯ সালের ৫ মে অনুষ্ঠিত ময়মনসিংহ সিটি করপোরেশন নির্বাচনে আওয়ামী লীগের মেয়র প্রার্থী ইকরামুল হক টিটু বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হন। নির্বাচনে ৩৩টি সাধারণ ওয়ার্ড ও ১১টি সংরক্ষিত ওয়ার্ডের কাউন্সিলরও নির্বাচিত হন। গত বছরের ১৩ ডিসেম্বর মেয়র আরফানুল হক রিফাতের মৃত্যুতে কুমিল্লা সিটি করপোরেশনের মেয়র পদ শূন্য হয়। আরফানুল ২০২২ সালে দুই বারের মেয়র মনিরুল হক সাক্কুকে হারিয়ে নির্বাচিত হয়েছিলেন। (ডয়চে ভেলে ওয়েব পেজ : ২৪.১.২৪ রিহাব)

### নিহত বিজিবি জওয়ানকে নিয়ে বিএসএফ যা বলছে

বিএসএফ-এর দাবি, বিজিবি-র ঐ জওয়ানের মৃত্যু হয়েছে ভারতীয় হাসপাতালে। তার পরনে ইউনিফর্ম ছিল না। গত ২৩ জানুয়ারি বিজিবি-র যশোর ব্যাটেলিয়নের লেফটন্যান্ট কর্নেল আহমেদ জামিল চৌধুরী একটি বিবৃতি প্রকাশ করেন। সেখানে বলা হয়েছে যশোর অঞ্চলে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী বিএসএফ-এর ছোঁড়া গুলিতে বাংলাদেশ সীমান্তরক্ষী বাহিনী বিজিবি-র এক জওয়ানের মৃত্যু হয়েছে। কিন্তু ঠিক কীভাবে এই ঘটনা ঘটেছে, সে বিষয়ে স্পষ্ট কোনো তথ্য ওই বিবৃতিতে ছিল না। এ বিষয়ে বিএসএফ-কে প্রশ্ন করেছিল ডয়চে ভেলে। বিএসএফ-এর সাউথ বেঙ্গল ফ্রন্টিয়ারের মুখপাত্র ডিআইজি একে আর্য ডিডাব্লিউকে বলেছেন, "২২ জানুয়ারি রাতে বনগাঁ সীমান্তে বিএসএফ-এর এক জওয়ান একটি গোরু পাচারকারী দলকে চিহ্নিত করে। বিএসএফ-এর জওয়ান ঐ পাচারকারীদের ধাওয়া করলে তারা পাল্টা আক্রমণ চালায়। প্রাণ বাঁচাতে বিএসএফ-এর জওয়ান একটি গুলি চালায়। তাতে এক পাচারকারী আহত হয়। বাকিরা পালিয়ে যায়।" বিএসএফ মুখপাত্রের দাবি, পাচারকারী দলটি ভারতের সীমান্তের ভেতর প্রায় ১০০ মিটার ঢুকে এসেছিল। পালানোর সময় সীমান্ত থেকে ৫০ মিটার দূরে বিএসএফ-এর জওয়ান গুলি চালায়। গুলিবিদ্ধ হয়ে সেখানেই সেই ব্যক্তি পড়ে যান। এরপর বিএসএফ-এর বাকি দল এসে ঐ ব্যক্তিকে তুলে হাসপাতালে ভর্তি করেন। সেখানেই তার মৃত্যু হয়। বিএসএফ মুখপাত্রের দাবি, ঐ ব্যক্তিকে হাসপাতালে ভর্তি করার পর তারা বিজিবি-র তরফে একটি কল পান। বিজিবি দাবি করে আহত ব্যক্তি তাদের জওয়ান। কিন্তু আহত ব্যক্তির কাছে কোনো পরিচয়পত্র ছিল না। বিজিবি-র কাছ থেকেই বিএসএফ জানতে পারে যে, বিএসএফ যাকে গোরু পাচারকারী ভেবেছিল তিনি আসলে বিজিবি-র জওয়ান। বুধবার সকাল ন'টা নাগাদ ঐ জওয়ানের দেহ বাংলাদেশের হাতে তুলে দেওয়া হয়েছে বলে বিএসএফ ডয়চে ভেলেকে জানিয়েছে।

ভারত-বাংলাদেশ সীমান্ত নিয়ে দীর্ঘদিন ধরে কাজ করছে মাসুম মানবাধিকার সংগঠন। সংগঠনের প্রধান কিরীটী রায় ডয়চে ভেলেকে জানিয়েছেন, "আমরা শুনেছি বিজিবি-র ঐ জওয়ান ডিউটি-তে ছিলেন না। চেক পোস্টেই তিনি ঘুমোচ্ছিলেন। সে কারণে তার পরনে ইউনিফর্ম ছিল না। গুলির আওয়াজ পেয়ে ঘটনাস্থলের দিকে তিনি দৌড়ে যান। তখনই তার পেটে গুলি লাগে।"

বিএসএফ-এর মুখপাত্র অবশ্য এই বক্তব্যের উপর কোনো মন্তব্য করতে চাননি। বিএসএফ-কে জিজ্ঞেস করা হয়েছিল, কেন ওখানে গুলি চালানো হয়েছিল। বিএসএফ-এর জবাব, পাচারকারীরা প্রথম আক্রমণ করে। বিএসএফ-এর যেহেতু একজনই জওয়ান ছিলেন, তাই আত্মরক্ষা করতে তিনি গুলি চালাতে বাধ্য হন। যে জওয়ান গুলি চালিয়েছে, বিএসএফ-এর হাইকম্যান্ড ইতোমধ্যেই তার সঙ্গে এ বিষয়ে কথা বলেছে। কিরীটীর বক্তব্য, সীমান্তে গুলি চালানোর ঘটনা নতুন নয়। বনগাঁ সীমান্তে শুটিয়া অঞ্চলে এর আগেও গুলি চলার ঘটনা ঘটেছে। মৃত্যুও হয়েছে। শুধু বাংলাদেশি নয়, ভারতীয়দেরও মৃত্যু হয়েছে ঐ অঞ্চলে। বস্তুত, রাতের দিকে ঐ অঞ্চলে অনেকেই মাছ ধরতে যান। সে সময়ও বিএসএফ গুলি চালায় বলে অভিযোগ। যদিও বিএসএফ এই অভিযোগ মানতে নারাজ। বিএসএফ-এর পাল্টা প্রশ্ন, বিজিবি-র ঐ জওয়ান কেন ইউনিফর্ম ছাড়া, পরিচয়পত্র ছাড়া গোরুপাচারকারী দলের সঙ্গে ছিলেন ? অন্যদিকে, কিরীটীর বক্তব্য, গোরু পাচারকারীদের একটি দল ভারতের দিকেও ছিল। বাংলাদেশের দিক থেকে যে দলটি সীমান্ত পার করে আসছিল তারা ভারতের ঐ দলের সঙ্গে যোগাযোগ করার চেষ্টা করছিল। তাদের কাছে যে খবর আছে, তাতে ঐ সময়

বিজিবি-র জওয়ান সেখানে ছিলেন না। তিনি পরে ঘটনাস্থলে পৌঁছান। বিএসএফ-এর অবশ্য দাবি, নিহত ব্যক্তি প্রথম থেকেই গোরু পাচারকারী দলের সঙ্গে ছিলেন। (ডয়চে ভেলে ওয়েব পেজ :২৪.১.২৪ রিহাব)

## সীমান্তে বিজিবি সদস্য নিহত, তদন্ত শেষের অপেক্ষায় বাংলাদেশ

বুধবার সকাল ১১টার দিকে যশোরের শার্শার শিকারপুর সীমান্তের কাছে বিজিবি সদস্যের লাশ হস্তান্তর করে বিএসএফ। বিজিবি ৪৯ ব্যাটালিয়নের কমান্ডার লে. কর্নেল আহমেদ হাসান জামিল ও তার সহকর্মীরা লাশ গ্রহণ করেন। লাশ যশোর হাসপাতালে ময়নাতদন্তের পর নিহতের পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে। নিহত সিপাহি মোহাম্মদ রইশুদ্দীনের বাড়ি চাঁপাইনবাবগঞ্জের শিবগঞ্জ উপজেলার মনকষা ইউনিয়নের তারাপুর গ্রামে। তার চাচাতো ভাই আবদুল মমিন ডয়চে ভেলেকে বলেন, নিহতের বড় ভাই ওয়াসিম আকরামের কাছে লাশ হস্তান্তর করা হয়েছে। রইশুদ্দীনেরা পাঁচ ভাই-বোন। বাবা-মা বেঁচে আছেন। রইশুদ্দীনের স্ত্রী ও দুই বছর এবং তিন মাসের দুইটি শিশু সন্তান আছে। এর আগে ৪৯ বিজিবি কমান্ডার লে. কর্নেল আহমেদ হাসান জামিল সোমবার গভীর রাতে এক সংবাদ বিজ্ঞপ্তির মাধ্যমে জানান, সোমবার ভোর আনুমানিক সাড়ে ৫টার দিকে বিজিবি যশোর ব্যাটালিয়নের ধান্যখোলা বিওপি'র জেলেপাড়া পোস্ট সংলগ্ন এলাকায় ভারত থেকে আসা একদল গোরু চোরাকারবারিকে সীমান্ত অতিক্রম করে আসতে দেখে বাংলাদেশের সীমান্তরক্ষী বাহিনীর টহল দল তাদের 'চ্যালেঞ্জ' করে। চোরাকারবারিরা তখন দৌড়ে ভারতের দিকে পালিয়ে যাওয়ার চেষ্টা করে। এ সময় বিজিবি টহল দলের সদস্য সিপাহী মোহাম্মদ রইশুদ্দীন চোরাকারবারীদের ধাওয়া করতে করতে ঘন কুয়াশার কারণে দলবিচ্ছিন্ন হয়ে পড়েন। প্রাথমিকভাবে তাকে খুঁজে পাওয়া না গেলেও পরবর্তীতে বিভিন্ন মাধ্যমে জানা যায়, তিনি বিএসএফের গুলিতে আহত হয়ে ভারতের অভ্যন্তরে হাসপাতালে চিকিৎসাধীন আছেন। সংবাদ বিজ্ঞপ্তিতে আরো জানানো হয়, ঘটনার পরপরই এই বিষয়ে ব্যাটালিয়ান কমান্ডার পর্যায়ে পতাকা বৈঠক করা হয় এবং জানা যায়, হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ঐ সৈনিক মারা গেছেন। এই ঘটনায় সুষ্ঠু তদন্তের দাবি জানানোর পাশাপাশি প্রতিবাদ লিপি পাঠানোর কথাও জানানো হয় বিজ্ঞপ্তিতে। তবে বিএসএফ-এর সাউথ বেঙ্গল ফ্রন্টিয়ারের মুখপাত্র ডিআইজি একে আর্য ভারতে ডয়চে ভেলের প্রতিনিধিকে বলেছেন, "২২ জানুয়ারি রাতে বনগাঁ সীমান্তে বিএসএফের এক জওয়ান একটি গোরু পাচারকারী দলকে চিহ্নিত করে। বিএসএফ-এর জওয়ান ওই পাচারকারীদের ধাওয়া করলে তারা পাল্টা আক্রমণ চালায়। প্রাণ বাঁচাতে বিএসএফ-এর জওয়ান একটি গুলি চালায়। তাতে এক পাচারকারী আহত হয়। বাকিরা পালিয়ে যায়।"

বিএসএফ মুখপাত্রের দাবি, পাচারকারী দলটি ভারতের সীমান্তের ভিতর প্রায় ১০০ মিটার ঢুকে গিয়েছিল। পালানোর সময় সীমান্ত থেকে ৫০ মিটার দূরে বিএসএফ-এর জওয়ান গুলি চালায়। গুলিবিদ্ধ হয়ে সেখানেই সেই ব্যক্তি পড়ে যান। এরপর বিএসএফ-এর বাকি দল এসে ঐ ব্যক্তিকে তুলে হাসপাতালে ভর্তি করেন। সেখানেই তার মৃত্যু হয়। নিহত ব্যক্তির কাছে কোনো পরিচয়পত্রও ছিল না বলে দাবি বিএসএফ-এর। তাদের আরো দাবি, পরে বিজিবির কাছ থেকেই জানা যায় যাকে গোরুপাচারকারী ভেবে গুলি করা হয়েছে তিনি আসলে বিজিবির জওয়ান। বিএসএফ-এর এমন বক্তব্যের জবাবে ৪৯ বিজিবির কমান্ডার লে. কর্নেল আহমেদ হাসান জামিল বুধবার সন্ধ্যায় ডয়চে ভেলেকে বলেন, "ওনারা (বিএসএফ) ওনাদের সাফাই তো গাইবেনই। এখন তদন্ত চলছে, তাই আমরা কিছু বলতে চাই না। বললে বলতে পারি। বিষয়টি দুই রাষ্ট্রের এবং স্পর্শকাতর। তাই হঠাৎ করে কিছু বলে দেয়া ঠিক না।" তিনি বলেন, "ঘটনার পর আমরা পতাকা বৈঠক করে ঘটনা লিখিতভাবে জানিয়ে তীব্র প্রতিবাদ করেছি। আমাদের লেভেলসহ রাষ্ট্রের অন্যান্য লেভেল থেকেও বিষয়টি বলা হয়েছে। তদন্ত শেষ হোক, আমরা তখন বলবো।"

বাংলাদেশের নৌ পরিবহণ প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী ডয়চে ভেলেকে বলেন,"কীভাবে বিজিবি সদস্য হত্যার শিকার হলেন, তা তদন্তের বিষয়। তদন্ত না করে তারা (ভারতীয় পক্ষ) যদি এ ধরনের কথা বলে থাকে, তাহলে তা সঠিক হয়নি। দুই পক্ষ মিলে বিষয়টির তদন্ত হওয়া দরকার।" একই কথা বলেন সাবেক রাষ্ট্রদূত এম হুমায়ুন কবির। তার কথা, "দুই দেশ মিলে এই হত্যাকাণ্ডের তদন্ত হওয়া প্রয়োজন। তার আগে ঐ ধরনের কথা বিবেচনাপ্রসূত নয়।" আর নিহত রঈশুদ্দীনের চাচাতো ভাই আব্দুল মমিন বলেন, " তিনি দেশের সেবা করতেই বিজিবিতে যোগ দিয়েছিলেন। তার বড় ভাইও একজন সেনা সদস্য। ঘটনার রাতে তিনি চোরাচালানিদের বিরুদ্ধে অভিযানে ছিলেন। অত্যন্ত ভালো মানুষ হিসেবে এলাকায় তার পরিচিতি আছে। তাকে পাচারকারীদের সঙ্গে ভাবার প্রশ্নই উঠে না।"

বার বার প্রতিশ্রুতি দেয়ার পরও বাংলাদেশ-ভারত সীমান্তে বিএএসএফের হাতে বাংলাদেশি নাগরিক হত্যা থামছে না। গত পাঁচ বছরে বিএসএফের গুলি ও নির্যাতনে ১৬৬ জন বাংলাদেশি নিহত হয়েছেন। তাদের প্রায় সবাইকে গুলি করে হত্যা করেছে বিএসএফ। ২০২৩ সালে ২৮ জনকে হত্যা করা হয়েছে। ২০২২ সালে ২৩ জন এবং ২০২১ সালে ২৪ জন। ২০২০ সালে ৪৮ জনকে হত্যা করা হয়েছে। ২০১৯ সালে হত্যা করা হয়েছে ৪৩ জনকে। এই সময়ে অপহরণের ঘটনাও ঘটেছে। আর আহত হয়েছেন কমপক্ষে ১০০ জন। এই তথ্য মানবাধিকার সংগঠন আইন ও সালিশ কেন্দ্রের। এর আগে ২০১৯ সালে জাতীয় সংসদে স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান জানিয়েছিলেন, তার আগের ১০ বছরে সীমান্তে বিএসএফের হাতে ২৯৪ জন নিহত হয়েছেন। তখন স্বরাষ্ট্রমন্ত্রী দাবি করেছিলেন, সীমান্ত হত্যা কমে আসছে। কিন্তু বাস্তব চিত্র অনেকটাই অন্যরকম। ভারতের সর্বোচ্চ পর্যায় থেকে বার বার সীমান্ত হত্যা শূন্যের কোঠায় নামিয়ে আনা এবং লেথাল (প্রাণঘাতী) অস্ত্র ব্যবহার না করার কথা বলা হয়। কিন্তু তা মানা হয়নি কখনোই। প্রতিটি হত্যার পরই দাবি করা

হয় নিহতরা চোরাচালানি বা গোরু চোরাচালানি। প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী বলেন, "সীমান্তে চোরচালানি তো শূন্যের কোঠায় নেমে এসেছে। বাংলাদেশে তো ভারতীয় গোরু আসে না। তারপরও এসব ঘটনা কেন ঘটছে তা তদন্ত করে ব্যবস্থা নেয়া দরকার।" মঙ্গলবার ভারতের রাষ্ট্রদূত প্রণয় ভার্মা সচিবালয়ে তার সঙ্গে বৈঠক করলেও সীমান্ত হত্যা নিয়ে কোনো আলাপ হয়নি বলে জানান তিনি। তবে প্রতিমন্ত্রী মনে করেন, বিজিবি সদস্য হত্যার ঘটনাটি একটি বিচ্ছিন্ন ঘটনা। মানবাধিকার কশিনের সাবেক চেয়ারম্যান অধ্যাপক ড. মিজানুর রহমানের কথা, "এই ঘটনার মধ্য দিয়ে নতুন সরকারকে ভারত বোধ হয় একটু শক্তি প্রয়োগ করে দেখাতে চায় 'তোমরা আমাদের অনুগত থাকো, না হলে বিপদ হতে পারে।' এটা হলো ভারতের বিগ ব্রাদারলি মনোভাব। বারবার তারা সীমান্ত হত্যা শূন্যের কোঠায় নামানোর কথা বললেও তা করছে না।" তিনি এক প্রশ্নের জবাবে বলেন. "সে (রঈশুদ্দীন) চোরাচালানি হোক, খুনি হোক, কাউকে তুমি গুলি করে হত্যা করতে পারো না। ভারত আমাদের প্রতি অন্যায়, অবিচার করছে।" আর সাবেক রাষ্ট্রদূত এম হুমায়ুন কবির বলেন, "এটা তো বারবার দেখছি ভারত কথা দিয়ে কথা রাখে না। আমাদের সঙ্গে ভারতের যে সুসম্পর্ক, আসলে এইসব আচরণের জন্য তা সুখকর নয়। আমাদের সরকারেরও উচিত এটা নিয়ে শক্ত অবস্থানে যাওয়া।" সীমান্তে বিএসএফের হাতে বিজিবি সদস্য নিহত হওয়ার ঘটনায় বাংলাদেশের স্বরাষ্ট্রমন্ত্রীর মন্তব্য পাওয়া যায়নি। আর মঙ্গলবার সাংবাদিকরা এ নিয়ে পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদকে প্রশ্ন করলে তিনি কোনো জবাব দেননি।
(ডয়চে ভেলে ওয়েব পেজ : ২৪.১.২৪ রিহাব)

## এনএইচকে

### সরকার বিরোধী বিক্ষোভকারীর মৃত্যুদণ্ড ইরানে বিরূপ প্রতিক্রিয়ার কারণ হয়ে দেখা দিচ্ছে

ইরান জানিয়েছে যে তারা ২০২২ সালে সরকার বিরোধী বিক্ষোভে অংশগ্রহণকারী এক ব্যক্তির মৃত্যুদণ্ড কার্যকর করেছে। এই পদক্ষেপ ব্যাপক বিরূপ প্রতিক্রিয়ার সৃষ্টি করেছে এবং একজন কারাবন্দী ইরানী নোবেল শান্তি পুরস্কার বিজয়ীকে তার কারাগারে অনশন ধর্মঘট করা হবে বলে ঘোষণা প্রদানে প্ররোচিত করেছে । ২০২২ সালের সেপ্টেম্বরে পুলিশের হেফাজতে মাহসা আমিনি মারা যাওয়ার পর দেশব্যাপী প্রতিবাদ বিক্ষোভ হয়েছিল। যথাযথভাবে হিজাব না পরার অভিযোগে তাকে গ্রেপ্তার করা হয়। ইরানি কর্তৃপক্ষ সেই বিক্ষোভ দমন করেছিল। বিক্ষোভ চলাকালে দেশজুড়ে জনগণ ও পুলিশের মধ্যে ভয়াবহ সংঘর্ষ হয়। ইরানের বিচার বিভাগ মঙ্গলবার ঘোষণা করেছে যে তারা ২৩ বছর বয়সী এক ব্যক্তির মৃত্যুদণ্ড কার্যকর করেছে। ওই ব্যক্তির বিরুদ্ধে দাঙ্গায় যোগদান, ছয় পুলিশ কর্মকর্তার ওপর গাড়ি চালিয়ে দেয়া এবং একজন কর্মকর্তাকে হত্যার অভিযোগ আনা হয়েছে। ইরানিদের অনেকই সামাজিক মাধ্যম এবং অন্যত্র ফাঁসি কার্যকর করার বিরোধিতা করেছেন। নার্গেস মোহাম্মদী তাদের মধ্যে একজন। গত ডিসেম্বরে নোবেল শান্তি পুরস্কার পাওয়া মানবাধিকার এই আইনজীবী তেহরানের একটি কারাগারে বন্দী রয়েছেন। সামাজিক মাধ্যমে এক পোস্টে তিনি বলেছেন যে তার কারাগারে ৬১ জন মহিলা রাজবন্দী বৃহস্পতিবার প্রতিবাদ করবেন। তিনি বলেন, ইসলামী প্রজাতন্ত্রের কারাগারে মৃত্যুদণ্ড কার্যকরের অপেক্ষায় থাকা শত শত ব্যক্তির জন্য এবং ইতিমধ্যে মৃত্যুদণ্ডপ্রাপ্ত ব্যক্তিদের নাম সমুন্নত রাখার জন্য তারা পদক্ষেপ নেবেন। (এনএইচকে ওয়েব পেজ : ২৪.০১.২০২৪ এলিনা)

## রেডিও টুডে

### প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অভিনন্দন জানিয়েছেন ইউরোপীয় ইউনিয়নের প্রেসিডেন্ট

টানা চতুর্থবারের মতো সরকার প্রধানের পদে নির্বাচিত হওয়ায় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অভিনন্দন জানিয়েছেন ইউরোপীয় ইউনিয়নের প্রেসিডেন্ট চার্লস মিশেল। মঙ্গলবার ব্রাসেলস থেকে এক শুভেচ্ছা বার্তায় সরকার প্রধানকে এই অভিনন্দন জানান চার্লস মিশেল। অভিনন্দন বার্তায় তিনি বলেন, ইউরোপীয় ইউনিয়ন আপনার দেশের একটি নির্ভরযোগ্য এবং দীর্ঘমেয়াদী অংশীদার। আমরা বাংলাদেশের সঙ্গে টেকসই উন্নয়ন, জলবায়ু পরিবর্তন অভিবাসন এবং অন্যান্য সব স্বার্থের বিষয়ে কাজ চালিয়ে যেতে প্রতিশ্রুতিবদ্ধ। অভিনন্দন বার্তায় আরো বলা হয়, বাংলাদেশের সঙ্গে আমাদের দীর্ঘমেয়াদী অংশীদারিত্ব কাঠামোর মধ্যে ইউরোপ ইউনিয়ন গণতন্ত্র, মানবাধিকার এবং আইনের শাসনের অংশীদারিত্বকে সমুন্নত রাখতে ও এগিয়ে নিতে বাংলাদেশ সরকারের সঙ্গে কাজ করে যাবে।
(রেডিও টুডে : ১৩৪৫ ঘ. ২৪.০১.২০২৪ আসাদ)

### দুই সিটি করপোরেশনসহ ২৩৩ টি স্থানীয় সরকার নির্বাচনের তফসিল ঘোষণা করেছে ইসি

ময়মনসিংহ সিটি করপোরেশনের সাধারণ নির্বাচন এবং কুমিল্লা সিটি করপোরেশনের উপ-নির্বাচনসহ ২৩৩টি নির্বাচনের তফসিল ঘোষণা করেছে নির্বাচন কমিশন। সকালে রাজধানীর আগারগাঁয়ে নির্বাচন ভবনে সংবাদ সম্মেলনে ইসি সচিব জাহাঙ্গীর আলম এই ঘোষণা দেন। তিনি জানান, ময়মনসিংহ সিটি করপোরেশনে সাধারণ নির্বাচন, কুমিল্লা সিটি করপোরেশনের উপ-নির্বাচন ও নয়টি পৌরসভাসহ কয়েকটি ইউনিয়ন ও ওয়ার্ডে আগামী ৯ মার্চ ভোট গ্রহণ অনুষ্ঠিত হবে। ইসি সচিব আরও বলেন, সিটি করপোরেশন পৌরসভা ও জেলা পরিষদের সাধারণ নির্বাচন এবং উপনির্বাচন

ইভিএমএ এবং বাকিগুলো ব্যালটে অনুষ্ঠিত হবে। আগামী ১৩ই ফেব্রুয়ারি মনোনয়নপত্র দাখিল, ১৫ই ফেব্রুয়ারি বাছাই, প্রার্থিতা প্রত্যাহার ২২ ফেব্রুয়ারি এবং প্রতীক বরাদ্দ দেয়া হবে ২৩শে ফেব্রুয়ারি। এ সময় সবাইকে নির্বাচনে অংশ নেওয়ার এবং ভোটারদের ভোট দেয়ার আহ্বান জানান নির্বাচন কমিশন সচিব।

(রেডিও টুডে : ১৩৪৫ ঘ. ২৪.০১.২০২৪ আসাদ)

## বিএনপি-জামায়াত স্বাধীনতার ইতিহাস বিকৃত করছে : পররাষ্ট্রমন্ত্রী

পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ বলেছেন, নির্বাচনে অংশ না নিয়ে হতাশায় ভুগছে বিএনপি। এটা তারা উপলব্ধি করতে পেরেছে। এখন দলটির মধ্যে চরম হতাশা আর ভোগান্তি বিরাজ করছে। বুধবার সকালে ঐতিহাসিক গণঅভ্যুত্থান দিবস উপলক্ষ্যে বকশী বাজার নবকুমার ইনস্টিটিউশনে শহীদ মতিউর রহমান মল্লিকের বেদীতে শ্রদ্ধা নিবেদন শেষে সাংবাদিকদের এ কথা বলেন তিনি। পররাষ্ট্রমন্ত্রী বলেন, কারো হুইসেল বাজানোর মধ্য দিয়ে স্বাধীনতা আসেনি। রক্তের বিনিময়ে বাংলাদেশের স্বাধীনতা এসেছে। বিএনপি-জামায়ত স্বাধীনতার ইতিহাস বিকৃত করছে।

(রেডিও টুডে : ১৩৪৫ ঘ. ২৪.০১.২০২৪ আসাদ)

## বিজিবি সদস্য রইস উদ্দিনের লাশ ফেরত দিয়েছে বিএসএফ

ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী বিএসএফের গুলিতে নিহত বিজিবি সদস্য মো. রইস উদ্দিনের লাশ দুদিন পরে ফেরত দিয়েছে বিএসএফ। বুধবার বেলা পৌনে ১১ টার দিকে যশোরের শার্শা উপজেলার শিকারপুর সীমান্ত দিয়ে আনুষ্ঠানিকতা শেষে পতাকা বৈঠকের মাধ্যমে রইস উদ্দিনের মরদেহ বিজিবির কাছে হস্তান্তর করা হয়। গত ২২ শে জানুয়ারি শার্শা উপজেলার ধান্যখোলার জেলেপাড়া সীমান্তে বিএসএফের গুলিতে সিপাই মোহাম্মদ রইস উদ্দিন নিহত হন। রইস উদ্দিনের গ্রামের বাড়ি চাঁপাইনবাবগঞ্জের শিবগঞ্জ উপজেলার সীমান্ত এলাকা সাহারা পাড়ার শ্যামপুরে।(রেডিও টুডে : ১৩৪৫ ঘ. ২৪.০১.২০২৪ আসাদ)

## ১২ জন মার্কিন সিনেটরের চিঠি ঘৃণাভরে প্রত্যাখ্যান করছি : খুরশিদ আলম খান

শান্তিতে নোবেল জয়ী অর্থনীতি ও গ্রামীণ ব্যাংকের প্রতিষ্ঠাতা ড. মুহাম্মদ ইউনূসকে হেনস্তা করা নিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে পাঠানো ১২জন মার্কিন সিনেটরের চিঠি ঘৃণা করে প্রত্যাখ্যান করেছেন কলকারখানা ও প্রতিষ্ঠান অধিদফতরের আইনজীবী খুরশিদ আলম খান। বুধবার সুপ্রিম কোর্ট প্রাঙ্গণের সাংবাদিকদের এ কথা জানান তিনি। তিনি বলেন, ১২ মার্কিন সিনেটরের মন্তব্য অবান্তর, অযৌক্তিক এবং বাংলাদেশের স্বাধীন বিচার ব্যবস্থায় সরাসরি হস্তক্ষেপের শামিল। বিভিন্ন জায়গা থেকে বায়াস্ট হয়ে না জেনে, না শুনে তাদের এমন বক্তব্য দেয়াকে আমি মনে করি বিচার ব্যবস্থার অযাচিত হস্তক্ষেপ। এর আগে আইন ও বিচার ব্যবস্থার অপব্যবহার করে শান্তিতে নোবেল জয়ী অর্থনীতিবিদ এবং গ্রামীণ ব্যাংকের প্রতিষ্ঠাতা ড. মুহাম্মদ ইউনূসকে হেনস্তা করা হচ্ছে সম্প্রতি এমন অভিযোগ এনে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে চিঠি দিয়েছেন ১২ জন মার্কিন সিনেটর।(রেডিও টুডে : ১৩৪৫ ঘ. ২৪.০১.২০২৪ আসাদ)

## ঘন কুয়াশার কারণে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে বিমান উঠানামায় ব্যাঘাত ঘটেছে

ঘন কুয়াশার কারণে মঙ্গলবার দিবাগত মধ্যরাত থেকে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের আকাশ ঝাপসা ছিল। স্পষ্টভাবে রানওয়ে না দেখতে পেরে পাঁচটি ফ্লাইট অবতরণ করতে পারেনি বিমানবন্দরে। পরে ফ্লাইটগুলোর মধ্যে চারটি চট্টগ্রামের হযরত শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দরে চলে যায়। অন্য একটি ফ্লাইট কলকাতায় বিমানবন্দর অবতরণ করে। মঙ্গলবার মধ্যরাত থেকে বুধবার বেলা পৌনে ১১ টা পর্যন্ত চলে এই অবস্থা। এদিকে, ঘন কুয়াশার কারণে মঙ্গলবার মধ্যরাত থেকে বুধবার সকাল ৯ টা পর্যন্ত প্রায় ১৫ টি ফ্লাইট নির্ধারিত সময়ে ঢাকায় উড্ডয়ন ও অবতরণ করতে পারেনি।(রেডিও টুডে : ১৩৪৫ ঘ. ২৪.০১.২০২৪ আসাদ)

## খাগড়াছড়ির মহলছড়িতে প্রতিপক্ষের গুলিতে ২ ইউপিডিএফ কর্মী নিহত

খাগড়াছড়ির মহলছড়িতে প্রতিপক্ষের গুলিতে ইউপিডিএফ এর ২ কর্মী নিহত ও একজন নিখোঁজ রয়েছে। বুধবার সকাল সাতটার দিকে মহলছড়ি দূরছড়ি এলাকায় এই হতাহতের এর ঘটনা ঘটে। নিহত ব্যক্তিরা হলেন রবি কুমার চাকমা ও শান্ত চাকমা বিমল। নিহতরা ইউপিডিএফ এর কর্মী বলে দাবি করেছে সংগঠনটির মুখপাত্র নীরব চাকমা। এই ঘটনায় রোহিন্দ্র চাকমা টিপন নামে আরেক কর্মী নিখোঁজ রয়েছেন। মহলছড়ি থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা নাসির উদ্দিন জানান পুলিশ ঘটনাস্থল থেকে দুজনের মরদেহ উদ্ধার করেছে। ময়নাতদন্তের জন্য মরদেহগুলো খাগড়াছড়ি সদর হাসপাতালের মর্গে পাঠানো হবে। (রেডিও টুডে:১৩৪৫ ঘ. ২৪.০১.২০২৪ আসাদ)

**বৈদেশিক অর্থায়নভুক্ত প্রকল্পগুলোর দিকে বেশি নজর দেয়ার নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা**

বৈদেশিক অর্থায়নভুক্ত প্রকল্পগুলোর দিকে বেশি নজর দেয়ার নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বুধবার রাজধানীর শেরে বাংলা নগরে এনইসি সম্মেলন কক্ষে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত পরিকল্পনা কমিশনের বৈঠকে তিনি এই নির্দেশ দেন। বৈঠকে সরকার প্রধান বলেন, মূল্যস্ফীতি কমাতে বিশেষ নজর দিতে হবে। প্রকল্প সংশ্লিষ্টদের উপযুক্ত প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে। জাতীয় নির্বাচনের কারণে যে সময় ব্যয় হয়েছে তা মেটাতে আরো বেশি কাজ করতে হবে। (রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ২৪.০১.২০২৪ রুবাইয়া)

**পররাষ্ট্রমন্ত্রীর সঙ্গে সৌজন্যে সাক্ষাৎ করেছেন ব্রিটিশ হাইকমিশনার সারাহ কুক**

পররাষ্ট্র মন্ত্রণালয়ে পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদ এর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন ঢাকায় নিযুক্ত ব্রিটিশ হাইকমিশনার সারাহ কুক। সাক্ষাৎ শেষে পররাষ্ট্রমন্ত্রী বিএনপি'র ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানকে সাজাপ্রাপ্ত আসামি উল্লেখ করে তাকে দেশে ফিরিয়ে এনে শাস্তি কার্যকরে যা যা করা দরকার সরকার সবই করবে বলে জানান। হাছান মাহমুদ আরও জানান, সাক্ষাতে যুক্তরাজ্যের সঙ্গে বহুমাত্রিক সহযোগিতার বিষয়ে আলোচনা হয়েছে। যুক্তরাজ্য সব সময়ই বাংলাদেশের অন্যতম উন্নয়ন সহযোগী ও বন্ধু রাষ্ট্র। (রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ২৪.০১.২০২৪ রুবাইয়া)

**নির্বাচন নিয়ে যুক্তরাজ্যের অবস্থানের পরিবর্তন না হওয়ার ইঙ্গিত দিয়েছেন ব্রিটিশ হাইকমিশনার**

এদিকে, সাক্ষাৎ শেষে বাংলাদেশের দ্বাদশ সংসদ নির্বাচন নিয়ে যুক্তরাজ্যের অবস্থানের পরিবর্তন না হওয়ার ইঙ্গিত দিয়েছেন ব্রিটিশ হাইকমিশনার সারাহ কুক। তিনি জানিয়েছেন, নির্বাচন, গণতন্ত্র ও মানবাধিকারের মত বিষয়গুলো নিয়ে বাংলাদেশ সরকার ও রাজনৈতিক দলগুলোর সঙ্গে ইতিবাচকভাবে যুক্ত থাকবে যুক্তরাজ্য।
(রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ২৪.০১.২০২৪ রুবাইয়া)

**দেশে গণতন্ত্র নেই বলে আজ জনগণের বেহাল দশা : নজরুল ইসলাম খান**

বিএনপির স্থায়ী কমিটির সদস্য নজরুল ইসলাম খান বলেছেন, দেশে গণতন্ত্র নেই বলে জনগণের আজ বেহাল দশা। গণতন্ত্র পুনরুদ্ধার ছাড়া সামনে আর কোন পথ নেই। বুধবার নয়াপল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ে দলের চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার ছোট ছেলে আরাফাত রহমান কোকোর নবম মৃত্যুবার্ষিকী উপলক্ষ্যে দোয়া ও মিলাদ মাহফিলে এসব কথা বলেন নজরুল। এ সময় তিনি আরও বলেন, আন্দোলনের মাধ্যমে দেশের মানুষের ভাগ্য পরিবর্তন করতে হবে। (রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ২৪.০১.২০২৪ রুবাইয়া)

**জনগণকে কষ্ট দিয়ে ক্ষমতায় যাওয়া রাজনীতিকে তারা বিশ্বাস করে না : মঈন খান**

বিএনপির স্থায়ী কমিটির আর এক সদস্য ড. আব্দুল মঈন খান বলেছেন, বিএনপি গণমানুষের দল। জনগণকে কষ্ট দিয়ে ক্ষমতায় যাওয়া রাজনীতিকে তারা বিশ্বাস করে না। বুধবার রাজধানীর বনানী কবরস্থানে আরাফাত রহমান কোকোর কবরে শ্রদ্ধা নিবেদন করতে এসে তিনি আরও বলেছেন, সরকার জনগণের সব মৌলিক অধিকার হরণ করেছে। জনগণের অধিকার ফিরিয়ে আনার সংগ্রাম অব্যাহত রাখবে বিএনপি।
(রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ২৪.০১.২০২৪ রুবাইয়া)

**৭ম শ্রেণীর ইতিহাস ও সামাজিক বিজ্ঞান বইয়ের গল্প নিয়ে পর্যালোচনা করার জন্য কমিটি গঠন**

সপ্তম শ্রেণির ইতিহাস ও সামাজিক বিজ্ঞান বইয়ে মানুষে মানুষে সাদৃশ্য ও ভিন্নতা অধ্যায়ে শরীফার গল্প নিয়ে গল্পটি পর্যালোচনা করার জন্য উচ্চ পর্যায়ের বিশেষজ্ঞ কমিটি গঠন করেছে শিক্ষা মন্ত্রণালয়। পাঁচ সদস্যের এই কমিটিতে ইসলামী আরবি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক আব্দুর রশিদকে আহ্বায়ক করা হয়েছে।
(রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ২৪.০১.২০২৪ রুবাইয়া)

**শ্রম আইন সংশোধনী বিল আগামী সংসদ অধিবেশনে পাশ হবেস : আইনমন্ত্রী**

আইনমন্ত্রী আনিসুল হক জানিয়েছেন, শ্রম আইন সংশোধনী বিল আগামী সংসদ অধিবেশনে পাশ হবে। বুধবার আইন মন্ত্রণালয়ে শ্রম মন্ত্রণালয়ের কর্মকর্তাদের সঙ্গে বৈঠকের পর সাংবাদিকদের তিনি এ কথা বলেন।
(রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ২৪.০১.২০২৪ রুবাইয়া)

**অযৌক্তিকভাবে বাজারে চালের দাম বাড়ানো হয়েছে : ভোক্তা অধিদফতরের ডিজি**

জাতীয় ভোক্তা সংরক্ষণ অধিদফতরের মহাপরিচালক এ. এইচ. এম. শফিকুজ্জামান বলেছেন, অযৌক্তিকভাবে বাজারে চালের দাম বাড়ানো হয়েছে। বুধবার রাজধানীর টিসিবি ভবনে ভোক্তা অধিকারের কার্যালয়ে ব্যবসায়ীদের সঙ্গে মতবিনিময়কালে তিনি এ কথা বলেন। আসন্ন রমজান মাসে নিত্য প্রয়োজনীয় পণ্যের দাম স্থিতিশীল রাখার লক্ষ্যে বিভিন্ন দপ্তর, সংস্থা ও ব্যবসায়ীদের অংশগ্রহণে এই মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।
(রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ২৪.০১.২০২৪ রুবাইয়া)

**দেশের বিভিন্ন স্থানে বইছে মৃদু শৈত্য প্রবাহ**

দেশের বিভিন্ন স্থানে বইছে মৃদু শৈত্য প্রবাহ। সেই সঙ্গে কুয়াশার দাপট। আবহাওয়ার এই অবস্থার মধ্যে ঢাকাসহ দেশের চার বিভাগে বৃষ্টির আভাস দিয়েছে আবহাওয়া অধিদফতর। আবহাওয়া অধিদফতরের এক বিজ্ঞপ্তিতে জানানো

হয়েছে ঢাকা, খুলনা, বরিশাল ও চট্টগ্রাম বিভাগের দুই/এক জায়গায় হালকা বা গুঁড়ি গুঁড়ি বৃষ্টি হতে পারে। এছাড়া দেশের অন্যত্র আংশিক মেঘলা আকাশসহ আবহাওয়া প্রধানত শুষ্ক থাকতে পারে।
(রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ২৪.০১.২০২৪ রুবাইয়া)

## জাগো এফএম

### বিদেশি অর্থায়নের প্রকল্পে বেশি নজর দিতে হবে : প্রধানমন্ত্রী

বৈদেশিক অর্থায়নভুক্ত প্রকল্পগুলোর দিকে বেশি নজর দেওয়ার নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দেশের উন্নয়ন পরিকল্পনা ঢেলে সাজাতে ৯ বছর পর অনুষ্ঠিত পরিকল্পনা কমিশনের বৈঠকে তিনি এ নির্দেশ দেন। আজ বুধবার রাজধানীর শেরে বাংলা নগরের এনইসি সম্মেলন কক্ষে অনুষ্ঠিত বৈঠকে সভাপতিত্ব করেন কমিশন চেয়ারপারসন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বৈঠকে প্রধানমন্ত্রী কিছু অনুশাসন দিয়ে বলেছেন, 'মূল্যস্ফীতি কমাতে বিশেষ নজর দিতে হবে। প্রকল্প বাস্তবায়নের সঙ্গে সংশ্লিষ্টদের অর্থাৎ প্রকল্প পরিচালকদের উপযুক্ত প্রশিক্ষণের ব্যবস্থা নিতে হবে। জাতীয় নির্বাচনের কারণে যে সময় ব্যয় হয়েছে তা মেটাতে আরো বেশি কাজ করতে হবে।' তিনি বলেন, 'আমাদের লক্ষ্য স্মার্ট বাংলাদেশ। এজন্য সর্বক্ষেত্রে ডিজিটাল সিস্টেম আরো কার্যকরভাবে চালু করতে হবে। বৈদেশিক ঋণ বা অনুদান যেন দ্রুত ছাড় পাওয়া যায় সেদিকে নজর দিতে হবে। বিদেশি বিনিয়োগের দিকে অধিকতর নজর দিতে হবে।' সরকারপ্রধান বলেন, 'দেশের ভেতরে সাপ্লাই চেইন ঠিক রাখতে হবে। জমি অনাবাদি রাখা যাবে না। উৎপাদন বাড়াতে হবে। গবেষণা বাড়াতে হবে। পরনির্ভরশীলতা থেকে বেরিয়ে আসতে হবে। আত্মমর্যাদা নিয়ে চলতে হবে। প্রকল্প পরিচালক প্যানেল করে প্রকল্প পরিচালক নিয়োগ দেওয়া যায়। এ বিষয়ে একটি গাইড লাইন করা যায়। এর নাম বিশেষজ্ঞ প্যানেল হতে পারে।' তিনি বলেন, 'নবম পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়নে খুব বেশি আউট সোর্সিংয়ের ওপর নির্ভর করা যাবে না। পাট ও পাটজাত পণ্য, চামড়া ও চামড়াজাত পণ্য, আইসিটি, ডিজিটাল ডিভাইস ইত্যাদিতে নজর দিতে হবে। পানি ও নৌ-পরিবহন খাতে নজর দিতে হবে।' (জাগো এফএম : ১৭০০ ঘ. ২৪.০১.২০২৪ প্রতীক)

### তারেক রহমানের শাস্তি কার্যকরে যা করা দরকার সরকার করবে : পররাষ্ট্রমন্ত্রী

বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের শাস্তি কার্যকরে যা যা করা দরকার সরকার তা করবে বলে জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ও আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ড. হাছান মাহমুদ। ঢাকায় নিযুক্ত ব্রিটিশ হাইকমিশনারের সঙ্গে সাক্ষাৎ শেষে সাংবাদিকদের এ কথা বলেন মন্ত্রী। এর আগে আজ বুধবার ড. হাছান মাহমুদের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন হাইকমিশনার। এসময় সাংবাদিকরা জানতে চান ব্রিটিশ হাইকমিশনারের সঙ্গে সাজাপ্রাপ্ত বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানকে দেশে ফেরানো নিয়ে কোনো আলোচনা হয়েছে কি না। জবাবে পররাষ্ট্রমন্ত্রী বিষয়টি স্পষ্ট করেননি। তিনি বলেন, 'দেখুন তারেক রহমান শাস্তিপ্রাপ্ত আসামি। আমাদের সরকার যে কোনো সাজাপ্রাপ্ত আসামির শাস্তি কার্যকর করতে চায়। তারেক রহমানকে উপযুক্ত সময়ে সরকার তার শাস্তি কার্যকর করার জন্য যা যা করার দরকার সেটা করবে।' যুক্তরাজ্যে থাকা প্রবাসীদের বিষয়ে পররাষ্ট্রমন্ত্রী বলেন, 'যারা বৈধভাবে থাকেন, অনেকের পরিবার নিতে গিয়ে ভোগান্তি পোহাতে হয়। সেগুলো যেন সহজ হয় তা নিয়ে আলোচনা করেছি। যুক্তরাজ্যে অনেকে অবৈধ আছেন, সে বিষয়েও আলোচনা হয়েছে।' ব্রিটিশ হাইকমিশনারের সঙ্গে বাংলাদেশ-যুক্তরাজ্য সম্পর্ককে আরো গভীর করার বিষয়ে আলোচনা হয়েছে বলে জানান হাছান মাহমুদ। তিনি বলেন, 'আমরা আইসিটি সেক্টর নিয়ে, সাইবার সিকিউরিটি নিয়ে এবং আমাদের মুদ্রাস্ফীতি হার কমানোর ব্যাপারে সহযোগিতা নিয়ে আলোচনা করেছি। এরই মধ্যে বাংলাদেশ ব্যাংকের সঙ্গে ব্যাংক অব ইউকের সহযোগিতা শুরু হয়েছে।'
(জাগো এফএম : ১৭০০ ঘ. ২৪.০১.২০২৪ প্রতীক)

### সংশোধিত শ্রম আইন আগামী অধিবেশনে পাস হবে : আইনমন্ত্রী

সংশোধিত শ্রম আইন আগামী অধিবেশনে পাস হবে বলে জানিয়েছেন আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী আনিসুল হক। আজ বুধবার সচিবালয় শ্রম মন্ত্রণালয়ের কর্মকর্তাদের সঙ্গে বৈঠকের পর সাংবাদিকদের তিনি এ কথা জানান। সব প্রক্রিয়া শেষ করে গত সরকারের শেষ সময়ে সংশোধিত শ্রম আইন জাতীয় সংসদে পাস হয়ে রাষ্ট্রপতির কাছে গেলেও রাষ্ট্রপতি তা অনুমোদন দেননি। শেষ মুহূর্তে আইনের মধ্যে কিছু ত্রুটি ধরা পড়ায় সেটি অনুমোদন না দিয়ে ফেরত পাঠান রাষ্ট্রপতি। মন্ত্রী বলেন, 'আইএলও-এর গভর্নিং বোর্ডের মিটিং আগামী মার্চ মাসে হবে। আমাদের যে অগ্রগতি এবং এই শ্রম আইনের ব্যাপারে কী কাজ করছি তার একটা ব্রিফিংয়ের জন্য আজকের মিটিংটা ছিল।' তিনি আরো বলেন, 'প্রধানমন্ত্রী এই মন্ত্রণালয়ের মন্ত্রী হিসেবে দায়িত্বভার নিয়েছেন। মন্ত্রণালয়কে তিনি কতটা গুরুত্ব সহকারে দেখেন তারই প্রতিফলন এটা। আমি প্রধানমন্ত্রীকে এ ব্যাপারে ব্রিফ করবো। প্রধানমন্ত্রীকে ব্রিফ করার পরই সবকিছুর আলোচনা আপনাদের সঙ্গে করতে পারি। প্রধানমন্ত্রীর সঙ্গে কথা না বলে আমি আপনাদের কোনো তথ্য দিতে পারবো না। সংশোধিত শ্রম আইন আগামী সংসদ অধিবেশনে উঠবে এবং পাস হবে কি না জানতে চাইলে আনিসুল হক বলেন, 'অবশ্যই উঠবে, অবশ্যই পাস হবে।' (জাগো এফএম : ১৭০০ ঘ. ২৪.০১.২০২৪ প্রতীক)

**পর্যটনশিল্পে ফিলিপাইনকে বিনিয়োগের আহ্বান পর্যটনমন্ত্রীর**

ফিলিপাইনের বিনিয়োগকারীদের বাংলাদেশের পর্যটনশিল্পে বিনিয়োগের আহ্বান জানিয়েছেন বেসামরিক বিমান পরিবহন ও পর্যটনমন্ত্রী মুহাম্মদ ফারুক খান। আজ বুধবার সচিবালয়ে মন্ত্রণালয়ে নিজ দফতরে ঢাকায় নিযুক্ত ফিলিপাইনের রাষ্ট্রদূত লিও টিটো এল অসান জুনিয়রের সঙ্গে সাক্ষাৎকালে এ আহ্বান জানান মন্ত্রী। পর্যটনমন্ত্রী বলেন, 'বাংলাদেশের পর্যটনশিল্পে ফিলিপাইনের বিনিয়োগকারীরা বিনিয়োগ করলে তাদের সবধরনের সহযোগিতা দেওয়া হবে। পর্যটন ও এভিয়েশন শিল্পে একত্রে কাজের মাধ্যমে বাংলাদেশ ও ফিলিপাইনের মধ্যকার বন্ধুত্ব আরো জোরদার হবে।' বাংলাদেশের পর্যটনশিল্পে বিনিয়োগের আগ্রহ প্রকাশ করে ফিলিপাইনে রাষ্ট্রদূত বলেন, 'সমৃদ্ধ সংস্কৃতি ও অনন্য সুন্দর প্রকৃতি নিয়ে বাংলাদেশ একটি সম্ভাবনাময় পর্যটন গন্তব্য। বাংলাদেশের পর্যটনশিল্পে বিনিয়োগের জন্য তিনি ফিলিপাইনের বিনিয়োগকারীদের সঙ্গে কথা বলবেন।' ঢাকা-ম্যানিলা সরাসরি বিমান যোগাযোগ প্রতিষ্ঠার বিষয়েও আগ্রহ প্রকাশ করেন রাষ্ট্রদূত। এ সময় মুহাম্মদ ফারুক খান বলেন, 'বাংলাদেশ ও ফিলিপাইনের মধ্যকার বিদ্যমান এয়ার সার্ভিস চুক্তিটি অনেক আগের হওয়ায় তা দ্রুত আপডেট করে নতুন করে সইয়ের বিষয়ে তিনি বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষকে নির্দেশনা দেবেন এবং ঢাকা-ম্যানিলা সরাসরি বিমান যোগাযোগ স্থাপনের ক্ষেত্রে যাত্রী ও কর্গোর বিষয়ে সম্ভাব্যতা যাচাইয়ের জন্যও নির্দেশ দেবেন।' (জাগো এফএম : ১৭০০ ঘ. ২৪.০১.২০২৪ প্রতীক)

**বিদেশিরা প্রকল্প বন্ধ করলে আমরা মুখ বাঁকা করে বসে থাকবো নাকি : পরিকল্পনামন্ত্রী**

বাংলাদেশ গণতান্ত্রিক দেশ এবং এখানে নির্বাচিত সরকার আছে। এখানে যে কেউ এসে মাতব্বরি করে যাবে এটা হবে নাকি, এমন মন্তব্য করেছেন পরিকল্পনামন্ত্রী মেজর জেনারেল অবসরপ্রাপ্ত আব্দুস সালাম। ঋণের কিস্তি পরিশোধে ব্যর্থ হলে কিছু বিদেশি ঋণনির্ভর প্রকল্পে বৈদেশিক অর্থায়ন বন্ধ হওয়ার হুমকি পাওয়া যাচ্ছে, এমন প্রশ্নের জবাবে তিনি বলেন, 'এ বিষয়ে আমাদের কাছে কোনো তথ্য নেই। যেটা বাস্তব সেটা নিয়ে কথা বলবেন। বিদেশিরা আমাদের প্রকল্প বন্ধ করে দেবে, আমরা মুখ বাঁকা করে বইসা থাকবো নাকি?' আজ বুধবার রাজধানীর এনইসি সম্মেলন কক্ষে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে পরিকল্পনা কমিশনের সভা অনুষ্ঠিত হয়। সভা শেষে পরিকল্পনামন্ত্রী এসব কথা বলেন। মেজর জেনারেল অবসরপ্রাপ্ত আব্দুস সালাম বলেন, 'যারা প্রকল্পে ঋণ দিচ্ছে তাদের কি স্বার্থ নেই ? তারা কি নিঃস্বার্থভাবে প্রকল্পে ঋণ দিচ্ছে নাকি ? তারা কি ঋণের বদলে ইন্টারেস্ট পাচ্ছে না ? তবে প্রকল্প যেন সঠিক সময়ে বাস্তবায়ন হয় এটা আমরাও চাই, তারাও চায়। প্রকল্প বাস্তবায়নে ফিজিবিলিটি স্টাডি যাতে ভালো হয় এইসব বিষয়ে আলোচনা হয়েছে। প্রকল্পে অর্থছাড় তাড়াতাড়ি করা হবে। এসব নিয়ে আলোচনা হয়েছে।'
(জাগো এফএম : ১৭০০ ঘ. ২৪.০১.২০২৪ প্রতীক)

**প্লাস্টিক খাতে অব্যাহতভাবে সহায়তা দেবে সরকার : শিল্পমন্ত্রী**

প্লাস্টিক খাতে সরকার অব্যাহতভাবে সহায়তা দেবে বলে জানিয়েছেন শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন। তিনি বলেন, 'আপনারা যেসব সহায়তা পাচ্ছেন সেগুলো অব্যাহত থাকবে, আগামীতে প্লাস্টিক খাতকে আরো এগিয়ে নেওয়ার চেষ্টা করবো। এ সরকারের আমলে আপনারা সব সহায়তা পাবেন।' আজ বুধবার বসুন্ধরায় ইন্টারন্যাশনাল কনভেনশন সিটিতে আয়োজিত চারদিনের ১৬তম আন্তর্জাতিক প্লাস্টিক মেলার উদ্বোধনী অনুষ্ঠানে এসব কথা বলেন শিল্পমন্ত্রী। তিনি বলেন, 'নতুন সরকার গঠনে এবার শিল্প ও বাণিজ্য মিলে একটি ভালো টিম হয়েছে। একসঙ্গে কাজ করে আমরা দেশের ব্যবসা-বাণিজ্যকে আরো এগিয়ে নিয়ে যাবো বলে আমি বিশ্বাস করি। ভবিষ্যতে আমরা যে জায়গায় পৌঁছাতে চাই, দ্রুতই সেখানে পৌঁছাতে পারবো।' দেশের অর্থনীতিতে প্লাস্টিক শিল্প বিরাট অবদান রাখছে উল্লেখ করে শিল্পমন্ত্রী বলেন, 'বর্তমান বাজার পরিস্থিতির সঙ্গে তাল মিলিয়ে পণ্য বহুমুখীকরণের মাধ্যমে নতুন নতুন উন্নত মানের পণ্য উৎপাদন ও রফতানি বৃদ্ধির মাধ্যমে সরকারের ডিজিটাল বাংলাদেশ গঠনে সবাইকে একযোগে কাজ করতে হবে। সেজন্য প্লাস্টিক শিল্প নগরী হচ্ছে, মুদ্রণ শিল্প নগরী হচ্ছে।'
(জাগো এফএম : ১৭০০ ঘ. ২৪.০১.২০২৪ প্রতীক)

**চালের দাম অযৌক্তিকভাবে বাড়ানো হয়েছে : ভোক্তা অধিদফতরের ডিজি**

বাজারে চালের দাম অযৌক্তিকভাবে বাড়ানো হয়েছে বলে জানিয়েছেন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদফতরের মহাপরিচালক এ এইচ এম সফিকুজ্জামান। আজ বুধবার দুপুর ১২টায় রাজধানীর কারওয়ান বাজারে টিসিবি ভবনে জাতীয় ভোক্তা অধিদফতর সংরক্ষণ অধিদফতরের কার্যালয়ে ব্যবসায়ীদের সঙ্গে মত বিনিময় সভায় তিনি এ কথা জানান। মহাপরিচালক বলেন, 'এ সময়ে চালের দাম সম্পূর্ণ অযৌক্তিকভাবে বাড়ানো হয়েছে। ব্যবসায়ীরা বলছেন ধানের দাম বেড়েছে। অথচ যেই চাল বাড়তি দামে বিক্রি করা হয়েছে সেগুলো আগের চাল। তখন ধানের দাম কম ছিলো। ধানের দাম হয়তো কেজিতে ২ টাকা বেড়েছে, অথচ চালের দাম বাড়ানো হয়েছে ৮ থেকে ১০ টাকা। গুদামে যেয়ে দেখা যায় বস্তা বস্তা চাল মজুদ করা।' ভোক্তা অধিদফতরের মহাপরিচালক আরো বলেন, চালের দাম বাড়ার সঙ্গে ব্যবসায়ীরা কি মিলের শ্রমিকের বেতন বাড়িয়েছে, পরিবহন খরচ কি বেড়েছে, বাড়েনি। তাহলে চালের দাম কেন রাতারাতি বাড়াতে হলো।' এসময় আইন মেনে ব্যবসা না করলে ব্যবসায়ীদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার হুঁশিয়ারি দেন

তিনি। আসন্ন রমজান উপলক্ষে দ্রব্যমূল্য স্থিতিশীল রাখার জন্য ঢাকা মহানগরের বিভিন্ন বাজার ব্যবসায়ী সমিতির নেতা এবং সংশ্লিষ্ট বিভিন্ন দফতর সংস্থার প্রতিনিধিদের অংশগ্রহণে মত বিনিময় সভা করে ভোক্তা অধিদফতর।
(জাগো এফএম : ১৭০০ ঘ. ২৪.০১.২০২৪ প্রতীক)

**'শরীফ থেকে শরীফা' গল্প পর্যালোচনায় ৫ সদস্যের কমিটি**

নতুন শিক্ষাক্রমে সপ্তম শ্রেণির ইতিহাস ও সামাজিক বিজ্ঞান বইয়ে মানুষে মানুষে সাদৃশ্য ও ভিন্নতা অধ্যায়ে 'শরীফ থেকে শরীফা' হওয়ার গল্প পর্যালোচনায় পাঁচ সদস্যের উচ্চপর্যায়ের বিশেষজ্ঞ কমিটি গঠন করেছে শিক্ষা মন্ত্রণালয়। ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আব্দুর রশীদকে এ কমিটির আহ্বায়ক করা হয়েছে। কমিটিতে সদস্য হিসেবে রয়েছেন ইসলামিক ফাউন্ডেশনের গভর্নর মুফতি মাওলানা কফিল উদ্দীন সরকার, এনসিটিবির শিক্ষাক্রম ইউনিটের সদস্য অধ্যাপক মোঃ মশিউজ্জামান, ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক ড. মোঃ আব্দুল হালিম এবং ঢাকা আলিয়া মাদরাসার অধ্যক্ষ অধ্যাপক মোহাম্মদ আব্দুর রশিদ প্রমুখ। আজ বুধবার শিক্ষা মন্ত্রণালয়ের তথ্য কর্মকর্তা মোহাম্মদ আবুল খায়ের এ তথ্য নিশ্চিত করেছেন। তিনি জানান, 'পাঁচ সদস্যের উচ্চ পর্যায়ের বিশেষজ্ঞ এ কমিটি জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডকে গল্পটি পর্যালোচনায় সার্বিক সহায়তা করবে।'
(জাগো এফএম : ১৭০০ ঘ. ২৪.০১.২০২৪ প্রতীক)

**ভোটে জামানত হারানো প্রার্থীদের তালিকা চায় ইসি**

শেষ হওয়া দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে অংশ নেওয়া প্রার্থীদের জামানত বাজেয়াপ্তদের আগামী ১০ কার্যদিবসের মধ্য তালিকা চেয়েছে নির্বাচন কমিশন, ইসি। নির্বাচন কমিশনের উপ-সচিব মিজানুর রহমান স্বাক্ষরিত চিঠিতে জরুরি ভিত্তিতে বিভাগীয় রিটার্নিং অফিস ও জেলা রিটার্নিং অফিসারের কাছে এই তথ্য চাওয়া হয়। ইসির নির্দেশনায় বলা হয়, 'দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে জামানতের অর্থ বাজেয়াপ্তকৃত প্রার্থীর নাম-ঠিকানা, অর্থের পরিমাণ ও সরকারি কোষাগারে জমা সংক্রান্ত তথ্যাদি সংযুক্ত ছক আকারে আগামী ১০ কার্যদিবসের মধ্যে হার্ডকপি ও সফ্ট কপি প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।' এবারের দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের ২৮ টি রাজনৈতিক দলের ১ হাজার ৫৩২ জন আর স্বতন্ত্র প্রার্থী ৪৩৭ জন নির্বাচনে অংশগ্রহন করেছিলো। সব মিলিয়ে নির্বাচনে এক হাজার ৯৬৯ জন প্রার্থী নির্বাচনে অংশগ্রহন করে। তারমধ্য ২৮ টি রাজনৈতিক দলের মধ্য ২৩ টি রাজনৈতিক দলের সব প্রার্থীর জামানত বাজেয়াপ্ত হয়েছে। (জাগো এফএম : ১৭০০ ঘ. ২৪.০১.২০২৪ প্রতীক)

**স্বতন্ত্র এমপিদের গণভবনে ডাকলেন প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনার আমন্ত্রণে গণভবনে যাচ্ছেন দ্বাদশ জাতীয় সংসদের ৬২ স্বতন্ত্র সংসদ সদস্য। আগামী রোববার সন্ধ্যায় এসব সংসদ সদস্যকে গণভবনে আমন্ত্রণ জানানো হয়েছে। আজ বুধবার গণমাধ্যমকে এ তথ্য জানিয়েছেন আওয়ামী লীগের দফতর সম্পাদক ব্যারিস্টার বিপ্লব বড়ুয়া। তিনি জানান, 'আওয়ামী লীগ সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা দ্বাদশ জাতীয় সংসদের সব স্বতন্ত্র সংসদ সদস্যকে আগামী ২৮ জানুয়ারি, রোববার সন্ধ্যা সাড়ে ৬টায় তার সরকারি বাসভবন গণভবনে আমন্ত্রণ জানিয়েছেন। (জাগো এফএম : ১৯০০ ঘ. ২৪.০১.২০২৪ প্রতীক)

**বিএনপির মধ্যে চরম হতাশা বিরাজ করছে : পররাষ্ট্রমন্ত্রী**

আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক এবং পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ বলেছেন, 'বিএনপির মধ্যে চরম হতাশা বিরাজ করছে। নির্বাচন বর্জন করা তাদের জন্য আত্মহত্যার শামিল হয়েছে, তারা এখন সেটি উপলব্ধি করছে।' আজ বুধবার সকালে ঐতিহাসিক গণঅভ্যুত্থান দিবস উপলক্ষ্যে রাজধানীর বকশীবাজারে নবকুমার ইনস্টিটিউটে ৬৯-এর গণঅভ্যুত্থানে শহীদ মতিউর রহমানের স্মৃতিসৌধে দলের পক্ষে নেতাদের সঙ্গে নিয়ে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধা নিবেদনের পর সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এ কথা বলেন। পররাষ্ট্রমন্ত্রী বলেন, 'আজ পুরো পৃথিবী প্রধানমন্ত্রীকে নতুনভাবে নির্বাচিত হওয়ায় অভিনন্দন জানাচ্ছে। এতে বিএনপি ও তাদের দোসরদের মাথা খারাপ হয়ে গেছে। তাই তারা আবোল-তাবোল বকছে।' বিএনপি-জামায়াত স্বাধীনতা সংগ্রামকে অস্বীকার করে উল্লেখ করে ড. হাছান মাহমুদ বলেন, 'জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে ঘুমন্ত বাঙালি জাতিকে পলে পলে আন্দোলিত করে এক সাগর রক্ত পাড়ি দিয়ে আমাদের স্বাধীনতা এসেছে। অথচ আজ বিএনপি-জামায়াত স্বাধীনতা সংগ্রামের ইতিহাস বিকৃত করে বলার চেষ্টা করে, একটি হুইসেল বাজানোর মাধ্যমে স্বাধীনতা যুদ্ধ শুরু হয়েছিল। অর্থাৎ স্বাধীনতা সংগ্রামকে তারা অস্বীকার করে।' তিনি বলেন, 'বহু শহীদের রক্তের বিনিময়ে দীর্ঘ সংগ্রামের মধ্য দিয়ে জাতির পিতার নেতৃত্বে আমাদের স্বাধীনতা এসেছে। স্বাধীনতা কারো হুইসেল বাজানোর মাধ্যমে আসেনি।'
(জাগো এফএম : ১৯০০ ঘ. ২৪.০১.২০২৪ প্রতীক)

**ঢাকার চারপাশের ৫০০ অবৈধ ইটভাটা উচ্ছেদ করা হবে : পরিবেশমন্ত্রী**

বায়ুদূষণ কমাতে ১০০ দিনের কর্মসূচি হিসেবে ঢাকার চারপাশের ৫০০ অবৈধ ইটভাটা উচ্ছেদ করা হবে বলে জানিয়েছেন পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রী সাবের হোসেন চৌধুরী। আজ বুধবার সচিবালয়ে বাংলাদেশে নিযুক্ত ফ্রান্সের রাষ্ট্রদূত ম্যারি মাসদুপুইয়ের সঙ্গে বৈঠকের পর সাংবাদিকদের এ কথা জানান তিনি। খোলা ট্রাকে করে ঢাকা শহরে বালু, সিমেন্ট বহন করলে জরিমানার পরিমাণ বাড়ানো হবে। ঢেকে না রেখে নতুন ভবন নির্মাণ করলে

জরিমানার পরিমাণ বাড়বে বলেও জানান পরিবেশমন্ত্রী। বায়ু দূষণ বন্ধ করতে হলে রাজনৈতিক সদিচ্ছা জরুরি জানিয়ে তিনি বলেন, 'যেটা এতদিন ছিল না। যারা বায়ু দূষণের জন্য দায়ী তাদের কোনোভাবেই ছাড় নয়।' এয়ার কোয়ালিটি ইনডেক্স ৩০০-এর ওপরে থাকলে ক্ষতিকর। আমাদের দেশে সেটা অনেক আগেই অতিক্রম করেছে। তাই বায়ু দূষণ কমানোর জন্য কি পরিকল্পনা নিচ্ছেন, জানতে চাইলে মন্ত্রী বলেন, 'প্রথমে আমরা বায়ু দূষণের উৎসগুলো চিহ্নিত করছি। উৎস কি সেটা না জানলে ব্যবস্থা নেওয়া যাবে না। আরেকটা বিষয় হলো বায়ুর মান যখন খারাপ পর্যায়ে চলে যায় তখন আমরা একটা এলার্ট ইস্যু করতে চাই। জনসাধারণকে বলতে চাই আজকে আমাদের বায়ুর যে মান আছে সেটা স্বাস্থ্যের জন্য প্রচণ্ড ঝুঁকি। সুতরাং তাদের যদি জরুরি কাজ না থাকে তাহলে যেন ঘরের বাইরে না যায়। এছাড়া ডব্লিউএইচও বলছে মাস্ক পরতে হবে।' (জাগো এফএম : ১৯০০ ঘ. ২৪.০১.২০২৪ প্রতীক)

## বিএনপি রেলকে ধ্বংস করেছিল : রেলমন্ত্রী

বিএনপি সরকার রেলকে ধ্বংস করেছিল বলে মন্তব্য করেছেন রেলমন্ত্রী মো. জিল্লুল হাকিম। আজ বুধবার চট্টগ্রামের পলোগ্রাউন্ডে বাংলাদেশ রেলওয়ে ক্রীড়া নিয়ন্ত্রণ বোর্ড আয়োজিত ৪৩তম বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধনী অনুষ্ঠানে এ কথা বলেন মন্ত্রী। জিল্লুল হাকিম বলেন, 'বিএনপি সরকার ক্ষমতায় থাকাকালীন অবস্থায় গোল্ডেন হ্যান্ডশেকের মাধ্যমে রেলওয়ের কর্মকর্তা-কর্মচারীদের ছাঁটাই করে রেলকে ধ্বংস করেছিল। প্রধানমন্ত্রী শেখ হাসিনা ধ্বংসপ্রাপ্ত রেলকে আধুনিক রেল যোগাযোগ ব্যবস্থায় রূপান্তর করেছেন। রেলওয়ের ব্যাপক উন্নয়নের মাধ্যমে রেল যোগাযোগ ব্যবস্থার আমূল পরিবর্তন করেছেন।' মন্ত্রী বলেন, 'খেলাধুলা মানুষের শরীর গঠনে সহায়তা করে, মন প্রফুল্ল রাখে, মানসিক প্রশান্তি আনে এবং মাদকসহ নানা অপকর্ম থেকে মানুষকে দূরে রাখে। তাই বাংলাদেশ রেলওয়ে ক্রীড়া নিয়ন্ত্রণ বোর্ডকে সাধুবাদ জানাই। মহতী এ অনুষ্ঠানে আমন্ত্রণ জানানোর জন্য আমি সংশ্লিষ্ট সবার প্রতি ধন্যবাদ জানাই। সবার ঐকান্তিক প্রচেষ্টায় রেলকে আরো আধুনিক, পরিবেশবান্ধব এবং জনবান্ধব করতে পারবো এবং বাংলাদেশ রেলওয়েকে লাভজনক প্রতিষ্ঠানে পরিণত করতে সবার সহযোগিতা প্রয়োজন। পরে রেলওয়ে রেস্ট হাউজে কর্মকর্তাদের সঙ্গে মত বিনিময় করেন মন্ত্রী। এসময় তিনি সবাইকে আন্তরিকতার সঙ্গে কাজ করার আহ্বান জানান। (জাগো এফএম : ১৯০০ ঘ. ২৪.০১.২০২৪ প্রতীক)

## 'একটি গ্রাম, একটি পণ্য' নিয়ে কাজ করছে সরকার : বাণিজ্য প্রতিমন্ত্রী

আধুনিক প্রযুক্তি ব্যবহার করে পাট এবং প্লাস্টিকের সমন্বয়ে পণ্য উৎপাদনের জন্য প্লাস্টিক শিল্পের সঙ্গে সংশ্লিষ্টদের আহ্বান জানিয়েছেন বাণিজ্য প্রতিমন্ত্রী আহসানুল ইসলাম টিটু। প্রধানমন্ত্রী শেখ হাসিনা হস্তশিল্পকে ২০২৪ বর্ষপণ্য ঘোষণা করায় বাণিজ্য মন্ত্রণালয় 'একটি গ্রাম, একটি পণ্য' নিয়ে কাজ শুরু করেছে বলেও জানিয়েছেন তিনি। আজ বুধবার আন্তর্জাতিক কনভেশন সিটি বসুন্ধরায় ১৬তম আন্তর্জাতিক প্লাস্টিক মেলার উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন। বাণিজ্য প্রতিমন্ত্রী বলেন, 'বিশ্বের অনেক দেশই পাট ও প্লাস্টিক কম্বাইন্ড করে বিভিন্ন পণ্য উৎপাদন করছে। আমাদের দেশেও প্রযুক্তির ব্যবহার করে এ ধরনের পণ্য উৎপাদনে উদ্যোগ নিতে হবে। এটি করতে পারলে এই শিল্প আরো অনেক এগিয়ে যাবে। বিশেষত, প্লাস্টিক রিসাইক্লিং ভবিষ্যতে বড় একটি খাতে পরিণত হবে।' এ ধরনের প্রযুক্তি নিয়ে নতুন উদ্যোক্তারা এগিয়ে আসবেন এবং নতুন পণ্য ও বাজার নিয়ে কাজ করবেন বলে আশাবাদ ব্যক্ত করেন বাণিজ্য প্রতিমন্ত্রী। (জাগো এফএম : ১৯০০ ঘ. ২৪.০১.২০২৪ প্রতীক)

## দলীয় প্রতীক না থাকলে স্থানীয় সরকার নির্বাচন অংশগ্রহণমূলক হবে : ইসি

দ্বাদশ সংসদ নির্বাচনের রেশ কাটতে না কাটতেই স্থানীয় সরকারের সিটি কর্পোরেশন, জেলা পরিষদ, পৌরসভা ও ইউনিয়ন পরিষদের সাধারণ ও বিভিন্ন শূন্যপদে উপ-নির্বাচনের পূর্ণাঙ্গ তফসিল ঘোষণা করেছে নির্বাচন কমিশন, ইসি। এসব নির্বাচনে দলীয় প্রতীক না থাকলে আরো বেশি অংশগ্রহণমূলক হবে বলে মনে করছে নির্বাচন কমিশন। আজ বুধবার রাজধানীর আগারগাঁওয়ে নির্বাচন ভবনে সংবাদ সম্মেলনে নির্বাচন কমিশন সচিব জাহাংগীর আলম এ তথ্য জানান। তিনি বলেন, 'আগামী ৯ মার্চ একই দিনে ২৩৩টি নির্বাচনে সকাল ৮টা থেকে বিকেল ৪টা পর্যন্ত একটানা ভোট গ্রহণ চলবে। তবে জেলা পরিষদের ভোটের ক্ষেত্রে সময়সূচি কিছুটা ভিন্ন থাকবে। অন্যদিকে সিটি কর্পোরেশন, পৌরসভা, জেলা পরিষদের সাধারণ নির্বাচন হবে ইলেকট্রনিক ভোটিং মেশিনে। বাকিগুলোতে ভোট হবে ব্যালটে।' জাহাংগীর আলম বলেন, 'নির্বাচন কমিশনের সিদ্ধান্তের আলোকে আগামী ৯ মার্চ সাধারণ ও উপ-নির্বাচন মিলিয়ে ২২৩টি নির্বাচন অনুষ্ঠিত হবে। এর মধ্যে সিটি কর্পোরেশন একটি, সিটি কর্পোরেশনের শূন্যপদে চারটি, পৌরসভার সাধারণ পদে তিনটি, পৌরসভার শূন্যপদে উপ-নির্বাচন ১৫টি, ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচন ১৩টি এবং ১৯০টি বিভিন্ন শূন্যপদে উপ-নির্বাচন, জেলা পরিষদের শূন্যপদে নির্বাচন ৭টি, সবমিলিয়ে ২৩৩টি নির্বাচন অনুষ্ঠিত হবে।' (জাগো এফএম : ১৯০০ ঘ. ২৪.০১.২০২৪ প্রতীক)

## করোনায় শনাক্ত আরো ৩৮

দেশে নতুন করে ক্রমেই বাড়ছে করোনা ভাইরাসে আক্রান্তের সংখ্যা। গত ২৪ ঘণ্টায় ৩৮ জনের শরীরে ভাইরাসটি শনাক্ত হয়েছে। তবে এসময়ে দেশে করোনায় কারো মৃত্যুর তথ্য পাওয়া যায়নি। মহামারির শুরু থেকে এ পর্যন্ত দেশে

করোনায় মৃত্যু হয়েছে ২৯ হাজার ৪৮১ জনের। মোট আক্রান্তের সংখ্যা দাঁড়িয়েছে ২০ লাখ ৪৬ হাজার ৮৬১ জনে। আজ বুধবার স্বাস্থ্য অধিদফতর থেকে পাঠানো করোনা বিষয়ক নিয়মিত সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়, সারাদেশে গত ২৪ ঘণ্টায় ৮৮৫টি পরীক্ষাগারে ৪৫২টি নমুনা পরীক্ষায় ৩৮ জনের করোনা শনাক্ত হয়। তাদের মধ্যে ৩৭ জন ঢাকার এবং একজন চট্টগ্রামের বাসিন্দা। পরীক্ষার বিপরীতে শনাক্তের হার ৮ দশমিক ৪১ শতাংশ। মহামারির শুরু থেকে এ পর্যন্ত মোট শনাক্তের হার ১৩ দশমিক শূন্য ৯ শতাংশ। গত ২৪ ঘণ্টায় করোনা আক্রান্তদের মধ্যে থেকে সেরে উঠেছেন ১৯ জন। এ নিয়ে মোট সুস্থ রোগীর সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ২০ লাখ ১৪ হাজার ২২০ জনে। সুস্থতার হার ৯৮ দশমিক ৪১ শতাংশ। (জাগো এফএম : ১৯০০ ঘ. ২৪.০১.২০২৪ প্রতীক)

# BBC

**RUSSIAN JET CRASHES CARRYING UKRAINIAN POWS: MOSCOW**

A Russian Ilyushin-76 military transport plane has crashed in the southern Belgorod region bordering Ukraine. Russia's ministry of defence said 65 captured Ukrainian military were on the plane heading to Belgorod region for a prisoner exchange. None of the details surrounding those on board can be independently verified. Ria Novosti news agency said another nine people were on the plane, including six crew. Ukraine's general staff, quoted by the Ukrainska Pravda website, said the plane was transporting missiles for Russia's S-300 air defence systems. It made no mention of prisoners of war.
(BBC Web Page: 24/01/24, FARUK)

**BIDEN WINS NEW HAMPSHIRE DESPITE NOT BEING ON BALLOT**

President Joe Biden has easily won New Hampshire's Democratic primary, even though he was not on the ballot. Enough voters wrote his name on their ballot papers, avoiding him the embarrassment of losing to Dean Phillips, a Democratic Congressman. Mr Biden skipped the primary because New Hampshire refused to move its vote, as ordered to by the Democratic National Committee (DNC). South Carolina is officially first to vote in the primary race, next month. According to partial results late on Tuesday, Mr Biden had won 67% of the vote, far ahead of Mr Phillips on 19%. (BBC Web Page: 24/01/24, FARUK)

**US STRIKES IRAN-BACKED MILITIA IN IRAQ**

The Iraqi government has strongly condemned US strikes which targeted sites used by Iranian-backed groups in Iraq on Wednesday. A spokesperson for Iraqi Prime Minister Mohammed Shia al-Sudani said they blatantly violated his country's sovereignty. The US said its proportionate attacks had targeted Iran-affiliated groups. The paramilitary Popular Mobilization Forces (PMF) said the treacherous US action killed one of their fighters. The PMF, which is dominated by Iran-backed Shia Muslim militias, said a number of other fighters were injured in strikes on their bases in al-Qaim, a town on the Syrian border in western Anbar province, and in Jurf al-Nasr, in the central province of Babil.
(BBC Web Page: 24/01/24, FARUK)

**TURKISH MPS BACK SWEDEN'S NATO MEMBERSHIP**

Turkish MPs have ratified Sweden's bid to join NATO in a long-delayed vote that represents a big step forward on the Nordic nation's path to membership. Sweden applied to join in 2022 after Russia's full-scale invasion of Ukraine, but Turkey withheld approval amid a row over what it called Sweden's support to Kurdish separatists. Turkish President Recep Tayyip Erdogan is expected to sign the legislation within days. It leaves Hungary the sole NATO member yet to ratify Sweden's accession. Swedish Prime Minister Ulf Kristersson posted on social media: "Today we are one step closer to becoming a full member of NATO".
(BBC Web Page: 24/01/24, FARUK)

**MYANMAR'S ARMY IS LOSING - AND FACING FIRE FROM A MILITANT MONK**

Last Tuesday, a noisy crowd of several hundred people stood in the small main square of Pyin Oo Lwin, a popular Myanmar hill town, to hear a bespectacled monk

make a startling suggestion. Min Aung Hlaing, the country's military ruler, should step aside, he said, and let his deputy General Soe Win take over. The man who led the 2021 coup against the elected government of Aung San Suu Kyi, provoking a catastrophic civil war, has faced plenty of international censure, and is loathed by much of Myanmar's population. This though was criticism from an unusual quarter. The monk, Pauk Ko Taw, is part of an ultra-nationalist fringe of the Buddhist clergy, which has until now been staunchly behind the military junta. (BBC Web Page: 24/01/24, FARUK)

**SIX DEAD AFTER GAS TANKER CRASHES AND EXPLODES IN MONGOLIA**

Six people have died - including three firefighters - after a truck carrying 60 tons of liquefied natural gas crashed and exploded in the Mongolian capital. Hundreds of firefighters had been sent to battle the blaze following the collision with a car in Ulaanbaatar on Wednesday morning, officials said. At least 11 people were injured, with the fire spreading to nearby buildings. One local resident described how be initially thought a plane had crashed.

(BBC Web Page: 24/01/24, FARUK)

**ISRAEL SAYS IT HAS ENCIRCLED GAZA'S KHAN YOUNIS**

The Israeli military says its ground forces have encircled Khan Younis, the southern Gaza Strip's largest city. Troops have also reportedly advanced deeper into remaining parts of the city, where they believe Hamas leaders are hiding in tunnels with hostages. Residents said tanks had shut the last road out of the city to the Mediterranean coast, effectively stopping them from fleeing southwards. There was also intense fighting around the city's two main hospitals. It came as funerals took place for some of the 24 Israeli soldiers killed on Monday on the deadliest day for the Israel Defense Forces (IDF) since the start of its ground offensive in Gaza 12 weeks ago. (BBC Web Page: 24/01/24, FARUK)

**DOZENS DEAD AFTER FIRE IN CHINA SHOP: REPORTS**

At least 39 people are reported to have been killed after a fire broke out in a shop in the central Chinese province of Jiangxi. According to media reports, the fire started on Wednesday afternoon local time in the basement of a building in the city of Xinyu. Dozens of emergency service workers have been sent to the scene and rescue efforts are under way. A number of other people are said to have been injured. President Xi Jinping has called for an investigation into the cause of the blaze and for the resolute containment of such deadly incidents in the country. Wednesday's fire comes days after 13 schoolchildren died when a fire broke out in a school dormitory in the central Henan province.

(BBC Web Page: 24/01/24, FARUK)

**VENEZUELAN OPPOSITION DENOUNCES INTIMIDATION ATTEMPTS**

Venezuelan opposition leader Maria Corina Machado has denounced what she says are attempts by the government to intimidate her and her supporters. She said two campaign co-ordinators had been abducted and party offices had been vandalized. The incidents come just months after the government agreed to a deal laying the groundwork for free and fair elections to be held in 2024. Ms Machado said Tuesday's incidents violated that deal. Under the agreement, which was reached in Barbados in October last year, the government of President Nicolas Maduro committed to allowing international observers to monitor the presidential poll, which is scheduled for a yet-to-be-determined date in the second half of 2024. (BBC Web Page: 24/01/24, FARUK)

**MOSQUES AND CHURCHES BURNT IN DEADLY NIGERIA CLASHES**

Mosques and churches have been burnt in Nigeria's central Plateau state after a row over cattle turned deadly. Eight people died in the clashes in Mangu when cattle escaped on to a road where they were blocking traffic. The state governor has

imposed a 24-hour curfew there to halt the violence, though burials are being allowed for those who died. This central region is prone to inter-communal tension that often boils over into religious and ethnic violence. Plateau is where the mainly Muslim north meets the largely Christian south and many communities are mixed. (BBC Web Page: 24/01/24, FARUK)

## :: The End ::